



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com






বৃহস্পতিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯৩ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১২ শ্রাবণ ১৪৩০ ॥ ০৮ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৭ জুলাই ২০২৩



## জনগণকে কষ্ট দিয়ে সমাবেশ ভবিষ্যতে আসতে পারে নিষেধাজ্ঞা : ডিএমপি কমিশনার

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীতে কয়েকটি রাজনৈতিক দলকে সমাবেশ করার অনুমতি দেবে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার খন্দকার গোলাম ফারুক। তিনি বলেন, তবে সমাবেশে কোনো লাঠিসোঁটা ও ব্যাগ নিয়ে আসা যাবে না।

ডিএমপি কমিশনার খন্দকার গোলাম ফারুক জানান, মানুষকে কষ্ট না দিয়ে রাজনৈতিক দলগুলোর সমাবেশ করা উচিত। ভবিষ্যতে হয়তো এমন সময় আসবে যে জনগণ অতিষ্ঠ হয়ে গেলে এসব কর্মসূচিতে নিষেধাজ্ঞা আরোপ করা লাগতে পারে।

গতকাল বুধবার সকালে পুরান ঢাকার হোসেনি দালানের সামনে ২৯ জুলাই পবিত্র আশুরার নিরাপত্তা নিয়ে আয়োজিত সংবাদ বিফ্রিং শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ডিএমপি কমিশনার এসব কথা বলেন।

## দেশের শান্তিপূর্ণ পরিবেশ বিনষ্ট হলে দায়ভার বিএনপিকে নিতে হবে

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'আন্দোলনের নামে কোনো ধরনের সন্ত্রাস ও সহিংসতা সৃষ্টি করলে জনগণকে সঙ্গে নিয়ে আওয়ামী লীগ তা মোকাবিলা করবে। কোনোভাবে শান্তিপূর্ণ পরিবেশ বিনষ্ট হলে এবং ২-এর পাতায় দেখুন



## নতুন প্রধান বিচারপতি হচ্ছেন ওবায়দুল হাসান

**নিজস্ব প্রতিবেদক :** দেশের ২৩তম প্রধান বিচারপতি হিসেবে হাসান ফয়েজ সিদ্দিকীর চাকরির মেয়াদ শেষ হতে যাচ্ছে আগামী ২৫ সেপ্টেম্বর। কিন্তু আগামী ৩০ আগস্ট ছুটিতে যাচ্ছে সুপ্রিম কোর্ট। ফলে ৩০ আগস্ট প্রধান বিচারপতি হাসান ২-এর পাতায় দেখুন



## কে হচ্ছেন ডিএমপির নতুন কমিশনার?

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) কমিশনার হিসেবে খন্দকার গোলাম ফারুকের মেয়াদ শেষ হতে যাচ্ছে আগামী অক্টোবর মাসে। নানা বাস্তবতায় নির্বাচনের আগে সরকার নতুন করে কোন চুক্তিভিত্তিক নিয়োগ দেবে না বলে বিশ্বস্ত সূত্রে জানা ২-এর পাতায় দেখুন



# আজ কে জিতবে?

**নিজস্ব প্রতিবেদক :** আজ পাল্টাপাল্টি সমাবেশ নিয়ে রাজনীতিতে উত্তেজনা চরমে। আজ শেষ কর্মদিবস। শেষ কর্মদিবসে মানুষের ব্যস্ততা থাকে। কিন্তু এই ব্যস্ততার দিনে প্রধান দুটি রাজনৈতিক দল আওয়ামী লীগ এবং বিএনপি পাল্টাপাল্টি সমাবেশ ডেকেছে। বিএনপি এক দফা দাবিতে আন্দোলনের ঘোষণা দিয়েছে। সেই এক দফা বাস্তবায়নের লক্ষ্যে তারা আগামীকাল ঢাকায় মহাসমাবেশ করবে। এখন পর্যন্ত বিএনপির পক্ষ থেকে জানানো হয়নি যে এই মহা সমাবেশের মাধ্যমে তারা কী অর্জন করতে চায়। তবে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিভিন্ন গণমাধ্যমে সাক্ষাৎকারে বলেছেন যে, তারা তাদের আন্দোলনকে চূড়ান্ত ধাপে নিয়ে যাওয়ার জন্য এই সমাবেশ ডেকেছেন।



বিভিন্ন সূত্র বলছে, এই মহাসমাবেশে থেকে বিএনপি একটি আল্টিমেটাম দিবে তাদের দাবি মানার জন্য। বিএনপি বলছে, তাদের দাবি এখন একটিই। তাহল প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগ এবং একটি নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের জন্য আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেয়া। এই আনুষ্ঠানিক ঘোষণা না দেয়া পর্যন্ত বিএনপি রাজপথেই ফয়সালা করবে বলে ঘোষণা দিয়েছে। বিএনপির পক্ষ থেকে বলা হয়েছে যে, আগামীকালের সমাবেশের মাধ্যমে তারা সরকারকে ৪৮ বা ৭২ ঘণ্টার একটি আলটিমেটাম দেবে। এরপর ঢাকায় অবস্থান সহ বিভিন্ন কর্মসূচি পালন করবে।

বিএনপি নেতারা নেতারা দাবি করছেন যে, এবার আন্দোলনে তাদের জয়ের কোন বিকল্প নেই এবং তারা যেকোনো মূল্যে জয়ী হবেন বলে আশাবাদী। অন্যদিকে আওয়ামী লীগ বিএনপি যেন ঢাকা দখল করতে না পারে সেজন্য রাজপথে থাকার পরিকল্পনা গ্রহণ করেছে। আগামীকাল আওয়ামী লীগের শান্তি সমাবেশের প্রধান লক্ষ্য হল সংঘাত ও নৈরাজ্য বন্ধ এবং সাংবিধানিক ধারাবাহিকতা অক্ষুণ্ন রেখে আগামী জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন করার আয়োজনকে এগিয়ে নিয়ে যাওয়া। এই পাল্টাপাল্টি সমাবেশ দেশকে সহিংসতায় নিয়ে যাবে কিনা এ নিয়ে বিভিন্ন মহলে বিভিন্ন প্রশ্ন রয়েছে। সবচেয়ে বড় কথা হল এই রাজনৈতিক কর্মসূচির মধ্য দিয়ে আসলে কে জিতবে সেটিই এখন বড় প্রশ্ন।

বিএনপি শুধু একা নয়, আগামীকাল বিএনপির সঙ্গে আরও কিছু রাজনৈতিক দল ভিন্ন ভিন্ন অবস্থান থেকে যুগপৎ ২-এর পাতায় দেখুন

## মোদি সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের বর্তমান ক্ষমতাসীন নরেন্দ্র মোদি সরকারের বিরুদ্ধে অনস্থা প্রস্তাব দিয়েছে ২৬টি বিরোধী দলের জোট 'ইন্ডিয়া'।এদিকে দেশটির উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য মণিপুরে সহিংসতা নিয়ে দেশজুড়ে অস্থিরতা চলছে। এরইমধ্যে অনাস্থা পড়ল মোদি সরকারের ওপর।



গতকাল বুধবার লোকসভায় কংগ্রেসের পাশাপাশি বিআরএসও আলাদাভাবে প্রস্তাব এনেছে মোদি সরকারের বিরুদ্ধে।

এরপরই তা সংসদে গৃহীত হয়। এ বিষয়ে বিতর্ক কবে হবে, সেই তারিখ শিগগিরই ঘোষণা করবেন স্পিকার ওম বিড়ালা।

মণিপুরে সহিংসতা এবং ধর্ষণ ইস্যুতে ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় একটি ক্লিনিক বন্ধের আদেশ ২ টি ক্লিনিকে ৭০ হাজার টাকা জরিমানা

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় বিভিন্ন ক্লিনিকে অভিযান চালিয়ে দুইটি ক্লিনিক কে ৭০ হাজার টাকা জরিমানা ও একটি ক্লিনিক কে বন্ধের আদেশ দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার ভূমি বনি আমিন। বুধবার সকাল ১০ টা থেকে শুরু ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি

**রোকনুজ্জামান মিলন :** ঝিনাইদহে ডেঙ্গু রোগ ছড়িয়ে পড়েছে। ধীরে ধীরে এই রোগের বিস্তার ঘটছে শহর থেকে গ্রাম পর্যন্ত। ঝিনাইদহ আড়াইশ শয্যা জেনারেল হাসপাতালে প্রতিদিনই বাড়ছে ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা। বেশির ভাগ রোগী ঢাকা থেকে আক্রান্ত হয়ে ঝিনাইদহে আসছেন বলে তথ্য পাওয়া গেছে।



বুধবার পর্যন্ত ঝিনাইদহ জেনারেল হাসপাতালে ১১ জন ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসা নিচ্ছেন। অভিযোগ উঠেছে হাসপাতালে চিকিৎসাধীন রোগীরা পর্যাপ্ত চিকিৎসাসেবা পাচ্ছেন না।

ডেঙ্গরোগী জেসমিন আরা জানান, আমি নিজ বাড়ি থেকে আক্রান্ত হয়েছি। তিন দিন ধরে হাসপাতালে ভর্তি আছি। কিন্তু মশারি টাঙ্গাতে পারছি না। শৈলকুপা থেকে আসা ডেঙ্গরোগী শিহাবের স্বজনরা অভিযোগ করেন, হাসপাতালের পরিবেশ অপরিচ্ছন্ন ও ফ্যান নষ্ট, হাসপাতালে ওয়ার্ড থাকা খাট ভাঙ্গা, স্টিলের খাটে বসতে গেলে ভেঙ্গে চুরে পড়ে ২-এর পাতায় দেখুন

## নিরবেই কেটে গেলো ঝিনাইদহের তুখোড় ছাত্রনেতা মোকাররম হোসেন ঠান্ডুর মৃত্যুবার্ষিকী



**নিজস্ব প্রতিবেদক :** নিরবেই কেটে গেলো ঝিনাইদহের তুখোড় ছাত্রনেতা মোকাররত হোসেন ঠান্ডুর মৃত্যুবার্ষিকী। প্রয়াত মোকাররম হোসেন ঠান্ডু ৮০'র দশকে তুখোড় ছাত্রনেতা ছিলেন। ২০১৭ সালের ২৬ মার্চ স্ট্রোকে মৃত্যুবরণ করেন তিনি। তার ২-এর পাতায় দেখুন



ভারত সফর শেষে দেশে ফিরলেন চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। গতকাল দর্শনা সীমান্ত দিয়ে তিনি দেশে ফিরেছেন। সেসময় তাকে স্বাগত জানান দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান, দর্শনা পৌর মেয়রসহ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

## ঝিনাইদহে মামলা ও গ্রেফতারের প্রতিবাদে ব্যবসায়ীদের ধর্মঘট

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে বাঁধা দেওয়ার অভিযোগে মামলা ও গ্রেফতারের প্রতিবাদে ধর্মঘট পালন করছে ব্যবসায়ীরা।



বুধবার সকাল থেকে জেলা শহরের সবচেয়ে বড় বাজার নতুন হাটখোলার ব্যবসায়ীরা এ কর্মসূচী পালন করছে। এতে বিপাকে পড়েছে সর্বস্তরের মানুষ।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার বিকেলে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট শরিফুল হক ও জেলা ঔষধ তত্বাবধায়ক নতুন হাটখোলায় অভিযান চালায়। দুটি দোকানে ২৫ হাজার টাকা জরিমানা করে। সেসময় আশপাশের ব্যবসায়ীরা বিচারকদের অবরুদ্ধ করে। পরে পুলিশ এলে তারা সেখান থেকে চলে যায়। এ ঘটনায় রাতে ঔষধ তত্বাবধায়ক সিরাজুম মুনিরা বাদী হয়ে ১৪ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত ৮০/৯০ জনকে আসামী করে সদর থানায় মামলা দায়ের করে। মামলার পর ২ জনকে গ্রেফতার করে পুলিশ। এ ঘটনার ২-এর পাতায় দেখুন




## ঝিনাইদহে পারিবারিক যোগাযোগ পুনঃস্থাপন বিষয়ক সংবেদনশীল কর্মশালা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** রেড ক্রিসেন্টের মাধ্যমে পরিবার থেকে বিচ্ছিন্ন স্বজনদের পরিবারের সাথে যোগাযোগ করা ও তাদের ফিরিয়ে দেওয়ার লক্ষ্যে প্রচারনা কর্মসূচীর আওতায় ঝিনাইদহে পারিবারিক যোগাযোগ পুনঃস্থাপন (আরএফএল) বিষয়ক অর্ধ-দিবস ২-এর পাতায় দেখুন

## যশোরে ঘের ব্যবসায়ীর আঙুল কেটে দিল সন্ত্রাসীরা

**যশোর প্রতিনিধি :** যশোরে এক ঘের ব্যবসায়ী আসিম সরকার (৪৩) নামে এক ব্যক্তিকে হাতের আঙুল কেটে দিয়েছে একদল স্থানীয় সন্ত্রাসী। ঘটনাটি ঘটেছে বুধবার দিনগত রাত ৩টার দিকে বাঘারপাড়া উপজেলার বাড়ভাগায় নিজ ঘেরে। আসিম বসুন্দিয়া নাথপাড়া গ্রামের বিমল সরকারের ছেলে। আহত জানান, বাঘারপাড়া বারভাগায় নিজ ঘেরে তিনি পাহারা দিচ্ছিলেন। প্রতিদিন তিনি ও তার ভগ্নিপতি ঘের পাহারা দেন। তবে ওইদিন আসিম একা পাহারা দিচ্ছিলেন। এ সুযোগ স্থানীয় একাধিক মামলার আসামি সবুজসহ মোট ৪জন তার কাছে চাঁদা দাবি করে। পরে চাঁদা দিতে অস্বিকার করায় চাপাতি দিয়ে তার বা হাতের একটি আঙুল কেটে দিয়ে পালিয়ে যায়। পরে স্থানীদের সহযোগীতায় তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর জেনারেল হাসপাতালে আনা হয়। বর্তমানে আসিম যশোর জেনারেল হাসপাতালে সার্জারি ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছে।



এ বিষয়ে তার ভগ্নিপতি অর্জুন বিশ্বাস জানায়, প্রতিদিন আমরা একসাথে ঘের পাহারা দিয়ে থাকি। কিন্তু ২-এর পাতায় দেখুন



## হরিণাকুন্ডুর শেরআলী অটিস্টিক প্রতিবন্ধী বিদ্যালয় পরিদর্শনে সমাজকল্যাণ মন্ত্রালয়ের সহকারী সচিব

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুন্ডুর শেরআলী অটিস্টিক প্রতিবন্ধী বিদ্যালয় পরিদর্শন করেছেন সমাজকল্যাণ মন্ত্রালয়ের সহকারী সচিব মাহমুদা ইয়াছমিন। বুধবার সকালে হরিণাকুন্ডু উপজেলার রঘুনাথপুর গ্রামে অবস্থিত এই বিদ্যালয়টি পরিদর্শণ করেন তিনি। সেসময় ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদা উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা রাফেজা'র বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

**দামুড়হুদা প্রতিনিধি :** দামুড়হুদা উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের কর্মকর্তা রাফেজা খাতুনের বিরুদ্ধে নির্বাচনী ডিউটিতে আনসার সদস্য মোতায়েনসহ নানা রকম অনিয়ম ও দূর্নীতির অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ওই অসাধু কর্মকর্তার বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত অভিযোগ দায়ের করেন এক ভুক্তভোগী আনসার ভিডিপির সদস্য।




ভুক্তভোগীদের অভিযোগ সূত্রে জানাগেছে, গত মার্চ মাসে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে আনসার ভিডিপির জেলা কার্যালয় থেকে আনসার সদস্য যাচাই বাছাই করে ডিউটি দেয়া হয়। তার আগেই ডিউটি নেওয়ার জন্য ধন্যাদেন বেশ কয়েকজন আনসার ভিডিপির সদস্যরা দামুড়হুদা উপজেলা কার্যালয়ে। ডিউটি নেওয়ার বিষয়ে দামুড়হুদা উপজেলা কার্যালয়ের কর্মকর্তা মোছা রাফেজা খাতুনের সাথে কথা বললে তিনি তাদের নিকট মাথাপিছু ৫শ টাকা করে দাবী করেন। এসময় সাজিদা খাতুন ও অপরএক নারী ওই কর্মকর্তা কে টাকা দিয়ে তাদের কাগজপত্র জমা দেন। নির্বাচনের আগের দিন ওই কর্মকর্তা ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।





চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার

অন্যতম প্রতিষ্ঠাতা

জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ (Daily Eai Amar Desh, e-paper.eaiamardesh.com, www.eaiamardesh.com) | দৈনিক গড়ব বাংলাদেশ (একসাথে গড়ব দেশ)

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন


## আলমডাঙ্গার কৃতি সন্তান অধ্যাপক ড. খন্দকার শরীফুল ইসলাম বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতি'র সভাপতি নির্বাচিত

**নিজস্ব প্রতিবেদক :** আলমডাঙ্গার কৃতি সন্তান ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কীটতত্ত্ব বিভাগের শিক্ষক অধ্যাপক ড. খন্দকার শরীফুল ইসলাম স্যার বাংলাদেশের বিজ্ঞানীদের সর্ববৃহৎ প্ল্যাটফর্ম-"বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতি'র ২০২১-২২ কার্যনির্বাহী কমিটির নির্বাচনে সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, ইতোপূর্বে খ্যাতনামা শিক্ষাবিদ ড. এম এ ওয়াজেদ মিয়া, ঢাবির সাবেক উপাচার্য প্রফেসর ড আবুল কালাম আজাদ চৌধুরী, ঢাবির সাবেক উপাচার্য ড. ফজলুল হালিম চৌধুরী, ঢাবির সাবেক ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

বৃহস্পতিবার ২৭ জুলাই ২০২৩

# টিসিবির জন্য ১৫৫ লাখ লিটার তেল ও ৮ হাজার টন ডাল কিনবে সরকার

**স্টাফ রিপোর্টার :** ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) জন্য স্থানীয়ভাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ১৫৫ লাখ লিটার তেল এবং ৮ হাজার মেট্রিক টন মসুর ডাল কেনার অনুমোদন দিয়েছে সরকার। এতে ব্যয় হবে ৩২৪ কোটি ৫০ লাখ ২০ হাজার টাকা।

গতকাল বুধবার ভার্চ্যুয়ালি অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ-সংক্রান্ত প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব সাঈদ মাহমুদ খান সাংবাদিকদের জানান, বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন টিসিবি কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে স্থানীয়ভাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ৮০ লাখ লিটার সয়াবিন তেল



মেঘনা ইডিবল ওয়েলস রিফাইনারি লিমিটেডের কাছ থেকে ১৩১ কোটি ১৬ লাখ টাকায় কেনার অনুমোদন দেওয়া হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন টিসিবি কর্তৃক স্থানীয়ভাবে সরাসরি ক্রয় (ডিএমপি) পদ্ধতিতে ৭৫ লাখ লিটার রাইন ব্রান ওয়েল ক্রয়ের অনুমোদন দেওয়া হয়েছে। এতে মোট খরচ হবে ১১৭ কোটি ৭৫ লাখ টাকা। মজুমদার প্রোডাক্টস অ্যান্ড মজুমদার ব্র্যান্ড লিমিটেড, অ্যাগ্রো প্রোডাক্টস লিমিটেড এবং আলী ন্যামনাল ওয়েল ইন্ডাস্ট্রি লিমিটেডের থেকে এ তেল কেনা হবে। এছাড়া বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন টিসিবি কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে স্থানীয়ভাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ৮ হাজার টন মসুর ডাল নাবিল নাবা ফুডস লিমিটেডের কাছ থেকে ৭৫ কোটি ৫৯ লাখ ২০ হাজার টাকায় ক্রয়ের অনুমোদন দেওয়া হয়েছে।

## ১৩ দূতকে ডেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের অসন্তোষ প্রকাশ

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনের উপ-নির্বাচনের স্বতন্ত্র প্রার্থী আশরাফুল হোসেন আলম ওরফে হিরো আলমের ওপর হামলার ঘটনায় বিবৃতি দেওয়ায় ১৩টি পশ্চিমা মিশনের দূত ও কূটনীতিকদের ডেকে অসন্তোষ জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। তাদের জানানো হয়েছে, হুট করে বিবৃতি প্রদানের মতো আচরণে বাংলাদেশ অসন্তুষ্ট হয়েছে।

গতকাল বুধবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের তলবে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় হাজির হন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, ডেনমার্ক, ফ্রান্স, জার্মানি, নেদারল্যান্ডস, নরওয়ে, স্পেন, সুইডেন, সুইজারল্যান্ড ও ইইউর রাষ্ট্রদূত, হাইকমিশনার ও উচ্চপদস্থ কূটনীতিকরা। হিরো আলমের ওপর হামলার ঘটনায় বিবৃতি দেওয়া পশ্চিমা মিশনের এসব কূটনীতিকদের ব্রিফ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। পরে এ বিষয়ে ফরেন সার্ভিস একাডেমিতে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন প্রতিমন্ত্রী।

তিনি বলেন, একটি অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে কূটনৈতিক রীতিনীতি ভঙ্গ করে ঢাকার যেসব দূতাবাস গণমাধ্যমে যৌথ বিবৃতি দিয়েছিল তাদের দূতদের আমরা ডেকেছিলাম। তাদের কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূত আচরণে আমরা অসন্তোষ প্রকাশ করেছি। আমরা বলেছি, এটি একটি বিচ্ছিন্ন ঘটনা যা দিয়ে সারাদিনের শান্তিপূর্ণ, সুষ্ঠু ও অবাধ


২-এর পাতায় দেখুন

ইবিতে ছাত্রী নির্যাতন

# পাঁচ ছাত্রীর বহিষ্কারাদেশ হাইকোর্টের অকার্যকর ঘোষণা

### পুনরায় শাস্তি নির্ধারণ করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে নির্দেশ

**রানা আহম্মেদ অভি, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ছাত্রী নির্যাতনের ঘটনায় অভিযুক্ত পাঁচ ছাত্রীর বহিষ্কারের আদেশ অকার্যকর করেছে হাইকোর্ট। একই সাথে ওই পাঁচ জনের সাজা পুনরায় বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী শাস্তি নির্ধারণ করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বুধবার বিচারপতি জে বি এম হাসান



ও বিচারপতি রাজিক আল জলিলের হাইকোর্ট বেঞ্চ এ নির্দেশ দেন। এ বিষয়ে আগামী ২৩ আগস্ট প্রতিবেদন দাখিলেরও নির্দেশ দেন হাইকোর্ট। এর আগে গত ১৫ জুলাই ছাত্র শৃঙ্খলা কমিটির বৈঠকে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্টস কোড অব কন্ডাক্ট, ১৯৮৭ এর অধ্যায় ২ ধারা ৮ অনুযায়ী অভিযুক্তদের

২-এর পাতায় দেখুন

## বায়তুল মোকাররম গেটে আ. লীগের ৩ সংগঠনকে সমাবেশের অনুমতি দেয়নি পুলিশ

**নিজস্ব প্রতিবেদক :** বায়তুল মোকাররমের দক্ষিণ গেটে বৃহস্পতিবার (২৭ জুলাই) শান্তি সমাবেশ করার অনুমতি পায়নি আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম তিন সহযোগী সংগঠন যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগ। সে জন্য তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়াম মাঠে সমাবেশের অনুমতি চেয়ে আবেদন করেছে। স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'বায়তুল মোকাররমের দক্ষিণ গেটে শান্তি সমাবেশের অনুমিত দেয়নি ডিএমপি। এজন্য আমরা বিকল্প হিসেবে জিমনেসিয়াম মাঠে সমাবেশ করার অনুমতি চেয়ে আবেদন করেছি।'

জানা গেছে, শুরুতে মৌখিকভাবে

২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে নসিমন থেকে পড়ে ব্যবসায়ীর মৃত্যু

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটে নছিমন থেকে ছিটকে পড়ে মনি সরদার (৪৫) নামের এক কাঠ ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। বুধবার (২৬ জুলাই) দুপুরে বাগেরহাট শহরের মুনিগঞ্জ বটতলা এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত মনি সরদার বাগেরহাট সদর উপজেলার নোয়াপাড়া গ্রামের তৈয়ব আলীর ছেলে। বাগেরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)কে,এম আজিজুল

২-এর পাতায় দেখুন



## সরিষাবাড়ীতে রূপালী ব্যাংকের কৃষি ও ক্ষুদ্র ঋণ বিতরণ

**সরিষাবাড়ী (জামালপুর) প্রতিনিধি :** জামালপুরের সরিষাবাড়ীতে রূপালী ব্যাংক লিমিটেড আরামনগর শাখার উদ্যোগে প্রকাশ্যে কৃষি ও ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে আরামনগর বাজারের জয়া টাওয়ারে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ঘোষিত খাদ্য ও নিরাপত্তা খাতে একজনকে দুইলাখ ও সাতজনকে সাতলাখ টাকা কৃষি ঋণের চেক দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রূপালী ব্যাংক লিমিটেডের উপমহাব্যবস্থাপক ও জামালপুর জোনাল প্রধান মোহাম্মদ মনোয়ার হোসেন। আরামনগর শাখার ব্যবস্থাপক তারেক হাসান মনিরের

২-এর পাতায় দেখুন

## যশোরে ট্রেকার ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুই জন নিহত

**এস আর নিরব, যশোর :** যশোরের কেশবপুরে যাত্রীবাহী ট্রেকারের সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুই মোটরসাইকেল আরোহী দুই যুবক নিহত হয়েছে। মঙ্গলবার রাত ৮টার দিকে চুকনগর-নওয়াপাড়া সড়কের কেশবপুর উপজেলার কলাগাছি বাজারের পাশে আড়খালি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন্ কেশবপুরের পাঁজিয়া গ্রামের দীপক মন্ডলের কলেজ পড়ুয়া ছেলে দিপু মন্ডল ওরফে সাগর (২৩) এবং পাঁজিয়া বাজারের কম্পিউটার ও ফটোকপির দোকানি ইউনিয়ন পরিষদের সাবেক মেম্বার আকবর হোসেন আকোর ছেলে রাজু আহমেদ (২৬)।

প্রত্যক্ষদর্শীরা জানান, চুকনগরের দিক থেকে মোটরসাইকেল যোগে দিপু

২-এর পাতায় দেখুন

# গাংনীতে ১৩ দফা দাবিতে বিএডিসি শ্রমিকদের মানববন্ধন

**গাংনী প্রতিনিধি :** শ্রম ভাতা বৃদ্ধিসহ ১৩ দফা দাবিতে মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলায় বিএডিসির আওতাভূক্ত পাট বীজ খামারের শ্রমিকরা মানববন্ধন, র‍্যালি ও অনশন করেছে। বুধবার সকাল সাড়ে ১১টার দিকে চিৎলা পাট বীজ খামার প্রাঙ্গণে এই কর্মসূচী পালন করা হয়। মানববন্ধনে সাধারণ সম্পাদক হারুন অর রশিদ আর বক্তব্যে বলেন কৃষি খামারের শ্রমিকদের ন্যায্য দাবি আদায়ের লক্ষ্যে আমরা আন্দোলনে নেমেছি বিএডিসি কর্তৃপক্ষের কাছে আমাদের অনুরোধ বেতন বোনাস সহ সব ধরনের দাবি মেনে নেওয়ার বিশেষ ভাবে



অনুরোধ। সংগঠনের উপদেষ্টা মীর আব্দুল হামিদ (সাংবাদিক)) তার বক্তব্যে বলে শ্রমিকদের দুঃখ দুর্দশা কথা বিবেচনা করে বিএডিসি কর্তৃপক্ষের আসু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ও বর্তমান যুগ্ম-পরিচালকের সীমাহীন দুর্নীতি বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রধান উপদেষ্টা সাবেক ভিপি ও জিএস মেহেরপুর সরকারী কলেজ, বাংলাদেশ কৃষকলীগ কেন্দ্রীয় কমিটির সদস্য মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন তার বক্তব্যে বলেন বর্তমান

২-এর পাতায় দেখুন




## বাগেরহাটে যৌন ও প্রজনন স্বাস্থ্যে বিষয়ে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধিতে সভা অনুষ্ঠিত

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটে যৌন ও প্রজনন স্বাস্থ্যে বিষয়ে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধিতে সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৬ জুলাই) সকালে বাগেরহাট যদুনাথ স্কুল এন্ড কলেজের হলরুমে ব্রাকের অধিকার এখানে এখনই প্রকল্পের আয়োজনে এটি অনুষ্ঠিত হয়। যৌন ও প্রজনন স্বাস্থ্যে বিষয়ে শিক্ষার্থীদের সচেতন করতে অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনে বিতর্ক প্রতিযোগীতা, আলোচনা সভা ও কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।

সভায় ব্রাকের এরিয়া কো-অর্ডিনেটর

২-এর পাতায় দেখুন

# মুজিবনগরে ট্রান্সফরমার ভেঙ্গে তামার তার চুরি ॥ বিপাকে চাষীরা

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের মুজিবনগর কমপ্লেক্সের পাশে বেগুন মাঠ থেকে ৬টি বৈদ্যুতিক ট্রান্সফরমার খুলে তামার তার চুরি করে নিয়ে গেছে চোরের দল। বুধবার ভোরে চোরেরা বৈদ্যুতিক খুঁটি থেকে ট্রান্সফরমার নামিয়ে ভেতরের তামার তার চুরি করে পালিয়ে যায়। এতে বন্ধ হয়ে পড়েছে দুটি ডিপ টিউবওয়েল। ফলে তীব্র খরার মধ্যে ৫০০ বিঘা জমির ফসল আবাদ ঝুঁকির মধ্যে পড়েছে। এছাড়াও



আমন ধান রোপণ ও সবজি চারা রোপণের ভরা মৌসূমের ট্রান্সফরমারের তার চুরি হওয়ায় চরম বিপাকে পড়েছেন চাষীরা। চাষীরা জানান, গেল ৪/৫ দিন আগে একই উপজেলার নাজিরাকোনা গ্রামের মাঠ থেকে আরও ছয়টি ট্রান্সফরমার থেকে একইভাবে তামার তার চুরি হয়েছিল। ক্ষতিগ্রস্থ ডিপটিউবওয়েল মালিক শরিফুল ইসলাম জানান, এখন ভরা চাষ মৌসূমে। অনাবৃষ্টি আর খরার কারনে

২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে দুই গ্রুপের সংঘর্ষে ১০ জন আহত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছে। আহতদেরকে স্থানীয় কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও যশোর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। কালীগঞ্জ থানা অফিসার

২-এর পাতায় দেখুন

# পানির অভাবে পাট জাগ দিতে পারছেন না গাংনীর চাষিদের

**মেহেরপুর প্রতিনিধিঃ** ভরা বর্ষা মৌসুম পার হতে চললেও এখনো পর্যন্ত তেমন বৃষ্টিপাত হয়নি। তাই নদী, খাল, বিল ও ডোবা নালাতে পানির পরিমাণ খুবই কম। ফলে পাট জাগ দেয়া নিয়ে চিন্তার শেষ নেই মেহেরপুরের গাংনীর পাট চাষিদের । তারা বলছেন, বাধ্য হয়েই অল্প পানিতে পাট জাগ দিতে হচ্ছে। অল্প পানিতে জাগ দিলে পাটের রং কালচে বর্ণ ধারণ করে। যে রঙের কারণে বাজারে ভালো দাম মেলে না। এমন পরিস্থিতিতে চাষিদের বিকল্প উপায়ে পাট জাগ দিতে পরামর্শ দিচ্ছে কৃষি বিভাগ। কৃষকেরা জানান, বর্ষা মৌসুমে এ অঞ্চলের নীচু জমিতে পানি থই থই করে। বৃষ্টির অভাবে এবার



খাল-বিল, ডোবা-নালায় পর্যাপ্ত পানি না থাকায় পাট জাগ দেয়া যাচ্ছে না। নিরুপায়

২-এর পাতায় দেখুন

## পরীক্ষামূলক রুপিতে আমদানি পণ্যের প্রথম চালান বেনাপোলে

**নিজস্ব প্রতিবেদক :** ডলার সংকটের কারণে ভারত-বাংলাদেশ যৌথ আলোচনায় পরীক্ষামূলক রুপিতে আমদানি পণ্যের প্রথম চালান বেনাপোল বন্দরে পৌঁছেছে। রুপিতে পণ্য আমদানির উদ্বোধনের ১৪ দিন পর পেট্রাপোল বন্দর হয়ে বেনাপোল বন্দরে ঢুকল প্রথম চালানের ৩৬ টি চ্যাসিস।

গত মঙ্গলবার (২৫ জুলাই) সন্ধ্যায় ভারতে পেট্রাপোল বন্দর হয়ে ১ কোটি ২৩ লাখ ১৭ হাজার ৭৬০ রুপি মূল্যের ৪টি ট্রাকে ৩৬ টি চ্যাসিস নিয়ে বন্দরে প্রবেশ করে। পণ্যের দেশীয় আমদানিকারক প্রতিষ্ঠান নিতা কোম্পানী লিমিটেড এবং রপ্তানিকারক প্রতিষ্ঠান ভারতের টাটা মটরস লিমিটেড। আমদানিকারক নিতা কোম্পানী লিমিটেডের যশোর এরিয়ার ব্যবস্থাপনা পরিচালক মোস্তাফিজুর রহমান ডলারের বিপরীতে রুপিতে প্রথম পণ্য চালান বন্দরে প্রবেশের তথ্য নিশ্চিত করেছেন।

গত ১১ জুলাই ঢাকায় দুই দেশের প্রতিনিধিরা একটি বৈঠক করে রুপিতে আমদানি বাণিজ্যের এলসি কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। রুপিতে বাণিজ্য দ্রুত সময়ে পণ্য আমদানিতে বড় ভূমিকা রাখবে এবং বৈশ্বিক মন্দায় ডলারের বিকল্প হিসাবে বড় ভূমিকা রাখবে।

বেনাপোল সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক সুলতান মাহামুদ বিপুল জানান,

২-এর পাতায় দেখুন

## শ্যামনগরে সাবেক ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে ধর্ষণ মামলা

**নিজস্ব প্রতিবেদক :** সাতক্ষীরার শ্যামনগরে কৈখালী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জি.এম রেজাউল করিমের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা করেছেন ভূক্তভোগী এক নারী। বুধবার (২৬ জুলাই) শ্যামনগর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে ৩২/৩০৭ নং মামলা করেন তিনি।

মামলা সূত্রমতে, গত ১২ জুলাই রাত ৮টার দিকে মানিকখালী গ্রামে মৃত আবুল কালামের পরিত্যাক্ত বাড়িতে রেজাউল করিমের নেতৃত্বে তার সহযোগীরা ওই নারীকে গণধর্ষণ

২-এর পাতায় দেখুন

# মুজিবনগরে জামায়াত ইসলামীর আটজন নারী কর্মী আটক

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর মুজিবনগর উপজেলার খাঁনপুর গ্রাম থেকে জামায়াতে ইসলামীর আট নারী কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। বুধবার দুপুরে মুজিবনগর উপজেলার খাঁনপুর গ্রামের আবু বক্কর সিদ্দিকীর বাড়িতে এ অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়। আটককৃতরা হচ্ছে- খাঁনপুর গ্রামের আবু সিদ্দিকীর স্ত্রী জামায়াতের নারী নেত্রী রেবেকা খাতুন (৩৫), একই গ্রামের সুমন আলীর



গোপন সংবাদের ভিত্তিতে

স্ত্রী জেসমিন খাতুন (৩৪), ফিরোজ আলীর স্ত্রী নাসিমা খাতুন (৩৫), আসাদুল হকের স্ত্রী কুলছুম খাতুন (৩৮), মনোয়ার হোসেনের স্ত্রী জুলেখা খাতুন (২১), শরিফ উদ্দীনের স্ত্রী শান্তনা খাতুন (৩২), মুকুল আলীর স্ত্রী শামসুন্নহার (৩৭), শরিফুল ইসলামের স্ত্রী সালমা খাতুন (৩১)। মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল জানান,

২-এর পাতায় দেখুন

## এসএসসির ফল আগামীকাল জানা যাবে যেভাবে

**নিজস্ব প্রতিবেদক :** এসএসসি ও সমমানের পরীক্ষা ফল প্রকাশ হবে শুক্রবার (২৮ জুলাই)। অন্যান্য বছর কর্মদিবসে ফল প্রকাশ করা হলেও এবার প্রথমবারের মতো সরকারি ছুটির দিন ফল প্রকাশ করতে যাচ্ছে আন্তঃশিক্ষা বোর্ড। ওইদিন সকাল সাড়ে ১০টায় নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে ফল প্রকাশিত হবে বলে জানিয়েছে শিক্ষাবোর্ড।

জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির আহ্বায়ক অধ্যাপক তপন কুমার সরকার বলেন, ফল প্রকাশের সব ধরনের প্রস্তুতি শেষ। এখন শুধু একটি ক্লিক করে এই ফল প্রকাশ করা হবে। প্রকাশের আগে শুক্রবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলের সংক্ষেপ তুলে ধরা হবে। এরপর বোর্ড থেকে একটি ক্লিকের মাধ্যমে সবার জন্য তা উন্মুক্ত করা হবে।

**যেভাবে জানা যাবে ফল :** এসএসসি ও সমমানের ফল তিনভাবে জানতে পারবে পরীক্ষার্থীরা। ফল প্রকাশ হওয়ার পরপরই সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে এক সেট পাঠিয়ে দেওয়া হবে। শিক্ষার্থী সেখান থেকে ফল সংগ্রহ করতে পারবে। এছাড়া শিক্ষার্থীরা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে education-boardresults.gov.bd প্রবেশ করে

২-এর পাতায় দেখুন



## ছাগল নিয়ে ট্রেনে কাটা পড়লেন বৃদ্ধা


**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দর্শনায় রেললাইনে থাকা ছাগল বাঁচাতে গিয়ে ট্রেনে কাটা পড়ে নূরজাহান বেগম (৬০) নামে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। এ ঘটনায় ৭টি ছাগল ট্রেনে কাটা পড়ে মারা গেছে। বুধবার সকাল ১০টার দিকে দর্শনা থানার আকন্দবাড়িয়া ফার্মপাড়া এলাকায় এ দূর্ঘটনা ঘটে। নূরজাহান বেগম আকন্দবাড়িয়া ফার্মপাড়ার আবুল কালামের স্ত্রী।

দর্শনা হল্ট স্টেশন জিআরপি ফাঁড়ির ইনচার্জ এসআই আতাউর রহমান জানান, সকালে নূরজাহান বেগমের

২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ**, ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল**, নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ**।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### প্রধানমন্ত্রীর ৫ দফা

## বিশ্ব খাদ্য নিরাপত্তার অর্জন চ্যালেঞ্জ ও সম্ভাবনা

বিশ্বব্যাপী জনস্বাস্থ্য ও সুস্থতার জন্য নিরাপদ খাদ্যের গুরুত্ব তুলে ধরে গত সোমবার জাতিসংঘের খাদ্য সম্মেলনে ৫ দফা প্রস্তাব দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। টেকসই, নিরাপদ ও পুষ্টিকর খাদ্যব্যবস্থা নিশ্চিতে ৫ দফা প্রস্তাবে আর্থিক প্রণোদনা, খাদ্য ও সার রপ্তানির বিধি-নিষেধগুলো তুলে নেয়া, বৈশ্বিক ও আঞ্চলিক ফুড ব্যাংক প্রতিষ্ঠা, প্রযুক্তি বিনিময়, খাদ্য অপচয় রোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মানুষের মৌলিক চাহিদা হিসেবে বিবেচিত অন্ন, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ও শিক্ষার মধ্যে প্রথমটির জোগানের একমাত্র মাধ্যম কৃষি, কিন্তু জনসংখ্যা ক্রমশ বাড়তে থাকা বিশ্বের ৭০০ কোটি মানুষের মধ্যে সাড়ে ১৩ কোটি এখনো ধুঁকছে খাদ্যের অভাবে। করোনার পরপর রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে ভয়াবহ অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে বিশ্ব অর্থনীতি। এমতাবস্থায় বিশ্বখাদ্য নিরাপত্তার অর্জন, নিশ্চয়তা গুরুত্বপূর্ণ। চরম দারিদ্র্যের কশাঘাতে জর্জরিত মানুষও প্রয়োজনীয় খাদ্য পাচ্ছে না। বিশ্বে ধনী ও দরিদ্রের বৈষম্য বৃদ্ধি পাওয়ার কুফল ভোগ করছে তারা মানবেতর জীবনযাপন করে। গ্রামীণ দরিদ্রের সঙ্গে সঙ্গে শহুরে বা আরবান দারিদ্র্যের শিকার হচ্ছেন বস্তিবাসী ও ছিন্নমূল মানুষ। পৃথিবীর আধুনিক ও অগ্রসর শহরের ঝলমলে আলোর নিচে অন্ধকারে নিরন্ন মানুষের বাস। খাদ্যহীনতার প্রকোপে সবচেয়ে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে নারী ও শিশুরা। পুষ্টিহীনতা, রোগ ও বিকলাঙ্গতায় তারা বিশ্বের দেশে দেশে জর্জরিত হচ্ছে প্রয়োজনীয় খাদ্য ও পুষ্টির অভাবে। বৈশ্বিকভাবে ৬৯০ মিলিয়ন মানুষ এখনো অপুষ্টিতে ভুগছে, প্রায় ২ বিলিয়ন মানুষের খাদ্য নিরাপত্তা নেই এবং প্রায় ৩ বিলিয়ন মানুষ সুষম খাবার থেকে বঞ্চিত। চলমান ইউক্রেন যুদ্ধ এবং নিষেধাজ্ঞা ও পাল্টা-নিষেধাজ্ঞার ফলে সৃষ্ট খাদ্য, সার, জ্বালানি ও আর্থিক সংকট বিশ্বজুড়ে ক্ষুধা ও অপুষ্টির সমস্যাকে ঘনীভূত করেছে। এমন পরিস্থিতিতে বাংলাদেশের খাদ্য নিরাপত্তার টেকসই অবস্থা নিয়ে প্রশ্ন আসছে বরাবরই। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার কথা বলা হলেও বেশ কয়েক বছর ধরে আমদানিনির্ভরতা বাড়ছে। গমের ৯০ শতাংশই বাংলাদেশ আমদানি করে। কিন্তু চালেও বাংলাদেশ ক্রমাগত আমদানির ওপর নির্ভরশীল হয়ে উঠছে। গত কয়েক বছর বাংলাদেশ বিশ্বের সর্বোচ্চ চাল আমদানিকারক দেশ ছিল। আর গত বছর ২৬ লাখ টনের বেশি চাল আমদানি করে বাংলাদেশ চীনের পর দ্বিতীয় স্থানে ছিল। খাদ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে অনেক পরিবারে আমিষে টান পড়েছে। অনেকের কাছে এখন পুষ্টিকর খাবার হয়ে উঠছে দুষ্প্রাপ্য। বৈশ্বিক খাদ্য পরিস্থিতির যে অবস্থা, তাতে ভবিষ্যতে টাকা থাকলেও খাদ্যশস্য পাওয়া যাবে না। বিশ্বের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও)। কৃষিকে কেন্দ্র করে বিশ্বের মানুষের প্রয়োজনীয় খাদ্যের জোগান, দরিদ্র ও পুষ্টিহীনতা দূর করে ক্ষুধামুক্ত পৃথিবী গড়ার অঙ্গীকার নিয়ে ১৯৪৫ সালের ১৬ অক্টোবরে জন্ম নেয় জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা। বাংলাদেশে সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করে যাচ্ছে জাতিসংঘের এ সংস্থাটি। টেকসই খাদ্য নিরাপত্তার লক্ষ্য অর্জনে বিশ্ব সম্প্রদায়কে সম্মিলিতভাবে কর্মপরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর এ প্রস্তাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গুরুত্ব দিয়ে বিবেচনায় আনা দরকার।

## শৈলকুপায় একটি ক্লিনিক

করে ২টা পর্যন্ত শৈলকুপার বিভিন্ন ক্লিনিক পরিদর্শন করেন সিভিল সার্জন ডাক্তার শুভ্রা রানী দেবনাথ। এসময় ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি)বনি আমিন। নুরজাহান প্রাইভেট হাসপাতালকে বিভিন্ন অনিয়মের দায়ে ৫০ হাজার টাকা ও সাহিদা প্রাইভেট হাসপাতালকে ২০ হাজার টাকা জরিমানা করা হয় এবং শৈলকুপা শিশু হাসপাতালকে বন্ধ রাখার নির্দেশদেন। এ সময় উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প:প: কর্মকর্তা ডাক্তার রাশেদ আল মামুন। এম,ও,সি,এস ডা: মেহেদী হাসান। এম,ও,সি,এস ডা: সুজয়েত হোসেন। এম,ও,সি,এস ডা: আব্দুল্লাহ আল মামুন। এ সময় সিভিল সার্জন জানান এ অভিযান নিয়মিত ভাবে অব্যাহত থাকবে।

## ঝিনাইদহে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি

যেতে হয়। বিকেল বা রাতে প্যাথলজিস্ট না থাকায় দ্বিগুণ টাকা খরচ করে বাইরে থেকে পরীক্ষা করাতে হচ্ছে। যা আমাদের জন্যে কষ্টসাধ্য।

জেলা সিভিল সার্জন অফিস সূত্রে জানা গেছে, ডেঙ্গজ্বরে আক্রান্ত হয়ে শৈলকুপায় ৩ জন, কালীগঞ্জে ৩ জন, হরিণাকুন্ডুতে ১জন, কোটচাঁদপুর ২জন ও মহেশপুরে ২জন ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন। এই হিসেবে সারা জেলায় ২২ জন ডেঙ্গরোগী রয়েছেন।

ঝিনাইদহ জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সৈয়দ রেজাউল ইসলাম জানান, গত সপ্তাহে এখানে ৪০ জন ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসাধীন ছিলেন। বর্তমানে ডেঙ্গু আক্রান্ত ১১ জন রোগী ভর্তি আছেন। হাসপাতালে যারা চিকিৎসা নিচ্ছেন তাদের বেশিরভাগই ঢাকায় আক্রান্ত হয়েছেন। তবে জেলার বিভিন্ন এলাকাতেও আক্রান্তের সংখ্যা বাড়ছে।

## নিরবেই কেটে গেলো ঝিনাইদহের

মৃত্যুবার্ষিকীতে ছিলো না কোন স্মরণ সভা বা আয়োজন। তিনি আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত ছিলেন।

আওয়ামী লীগের একাধিক নেতা বলেন, স্বার্থপর বিবেক বিবর্জিত বিকৃত রাজনৈতিক কুটকৌশলের বেড়াজালে পড়ে অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়ে প্রচন্ড মানসিক যন্ত্রনা ভোগ করে হঠাৎ স্ট্রোক করে স্ত্রী দুই ছেলেমেয়ে আত্মীয় বন্ধুবান্ধব শুভাকাঙ্খীদের রেখে না ফেরার দেশে চলে গেছেন। তিনি বেঁচে থাকতে অনেক বিশিষ্ট রাজনীতিবিদ বিশিষ্টজন বন্ধুবান্ধবদের কাছের মানুষ ছিলেন। আপদে বিপদে কতজনের সাহায্যে এগিয়ে এসেছেন ভাল পরামর্শ দিয়েছেন কিন্তু নিজের প্রয়োজনের সময় কাউকেই সেইভাবে পাশে পান নাই। পরিবার ও কয়েকজন কাছের মানুষ ছাড়া আজ তিনি প্রিয় জনপদে হারানো স্মৃতির ইতিহাস হয়ে গেছেন। আর হয়তো কখনোই তাকে নিয়ে হবে না কোন স্মরণসভা।

## যশোরে ঘের ব্যবসায়ীর আঙুল

আমার ব্যাক্তিগত কাজ থাকায় আমি ওই দিন ঘেরে আসতে পারিনি। আর এই সুযোগ কাজে লাগিয়ে এমন ঘটনা ঘটিয়েছে। তবে এ বিষয়ে আইনি ব্যবস্থা গ্রহন করার প্রস্তুতি চলছে।

## ঝিনাইদহে পারিবারিক যোগাযোগ

সংবেদনশীল কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত ঝিনাইদহ রেড ক্রিসেন্টের কার্যালয়ে এ কর্মশালার আয়োজন করে রেড ক্রিসেন্ট সোসাইটি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান ও ঝিনাইদহ রেড ক্রিসেন্ট সোসাইটির ভাইস চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ রেড ক্রিসেন্ট সোসাইটি সেক্রেটারী জে এম রশিদুল আলম, কার্যনির্বাহী সদস্য গোলাম সরওয়ার খান সউদ, দেবদাস মজুমদার, রেড ক্রিসেন্ট সোসাইটির পারিবারিক যোগাযোগ ও পুনঃস্থাপন বিভাগের ডেপুটি ডিরেক্টর এ কে এম মহসিন, ঝিনাইদহ অফিসের সহকারী পরিচালক তাসলিমা খাতুন, যুব প্রধান শাহীনুর রহমান মৃদুলসহ অন্যান্যরা। কর্মশালায় পারিবারিক যোগাযোগ পুনঃস্থাপন বিষয়ে মাঠ পর্যায়ে প্রচার ও প্রসার ঘটানোর লক্ষ্যে জেলা পর্যায়ের স্টেক হোল্ডারদের নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

দেশ বা দেশের বাইরে জেলখানা, হাসপাতালসহ বিভিন্ন স্থানে থাকা মানুষের পরিবারের সাথে যোগাযোগ ও তাদের ফিরিয়ে আনতে রেড ক্রিসেন্ট কাজ করে। কিভাবে ভুক্তভোগীরা এই সুবিধা গ্রহণ করতে পারবেন সে ব্যাপারে সকলকে জানানোর জন্য স্টেক হোল্ডারদের প্রশিক্ষণ দেওয়া হয়।

## ঝিনাইদহে মামলা ও গ্রেফতারের

প্রতিবাদ ও মামলা প্রত্যাহারের দাবীতে সকাল থেকেই ধর্মঘট পালন করছে ব্যবসায়ীরা। আর এতে চরম বিপাকে পড়েছে বাজার করতে আসা সব শ্রেণীর মানুষ।

শহরের আদর্শপাড়া এলাকার বাসিন্দা আম্বিয়া খাতুন বলেন, আমার বাসায় অতিথি এসেছে। এখন বাজার করতে এসে কিছুই তো পেলাম না। এখন কি করি কোথা থেকে বাজার করি তা নিয়ে তো বিপদে আছি।

কেজি কলেজ এলাকার কলেজ ছাত্র আহসান কবির বলেন, আমরা ম্যাচে ৩৫ জন ছাত্র থাকি। এখন বাজারে এলাম কেনা-কাটা করব বলে। কিন্তু সব দোকান তো বন্ধ। এখন বাজার করতে না পারলে তো সবাইকে না খেয়ে থাকতে হবে।

নতুন হাটখোলা দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম বলেন, বিনা কারণে ব্যবসায়ীদের নামে মামলা দেওয়া হয়েছে। ইতিমধ্যে ২ জনকে গ্রেফতারও করেছে পুলিশ। তাই ব্যবসায়ীরা গ্রেফতার এড়াতে বাজারে আসেনি। ডিসি স্যারের সাথে আমাদের কথা হয়েছে। তিনি এই সমস্যার সমাধান করলে ব্যবসায়ীরা আবারো দোকান খুলবে।

এ ব্যাপারে মামলার বাদি জেলা ঔষধ তত্বাবধায়ক সিরাজুম মুনিরার সাথে কথা বলতে তার মুঠোফোনে একাধিকবার ফোন করা হলেও তিনি কল রিসিভ করেন নি।

## হরিণাকুন্ডুর শেরআলী অটিস্টিক

সংক্ষিপ্ত আলোচনা সভায় সহকারী সচিব মাহমুদা ইয়াছমিন, বিদ্যালয়টির প্রতিষ্ঠাতা শের আলী, সভাপতি জাহিদ হাসান, প্রধান শিক্ষক শাহীন আহম্মেদ, ম্যানেজিং কমিটির সদস্য অধ্যক্ষ মোশাররফ হোসেন, ডা: রাহান উদ্দিনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন নিত্যানন্দপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোস্তাফিজুর রহমান টুটুল।

আলোচনা সভা শেষে বিদ্যালয়ের প্রতিটি শ্রেণীকক্ষে গিয়ে কার্যক্রম পরিদর্শন ও শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন সহকারী সচিব মাহমুদা ইয়াছমিন। সেসময় বিদ্যালয়ের কর্মকান্ড দেখে সন্তুষ্টি প্রকাশ করেন তিনি।

উল্লেখ্য, ২০১৫ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টিতে বর্তমানে ২৭৫ জন শিক্ষার্থী রয়েছে। অটিস্টিক শিক্ষার্থীদের মানোন্নয়নে কাজ করে চলেছে বিদ্যালয়টি।

## দামুড়হুদা উপজেলা আনসার

তাদেরকে ফোন করে জানান তাদের ডিউটি হয়নি। নির্বাচনী ডিউটি শেষে মোবাইল নাম্বারে ডিউটির টাকা দেয়া হয়। এসময় সিসিতে দেয়া নাম্বারে টাকা ঢুকে গেলে বের হয়ে আসে ওই অসাধু কর্মকর্তার থলের বেড়াল। জয়রামপুর গ্রামের আনসার ভিডিপির (পিসি) জহুরুলের ফোন থেকে সাজিদার সাথে কথা বলেন ওই কর্মকর্তা। তখন তিনি বলেন তোমার নাম্বারে ভুল করে বিউটি খাতুনের ডিউটির টাকা ঢুকে গেছে টাকা গুলো ফেরত দিয়ে যেও। ওই সময় সাজিদা খাতুন বলেন আমার ডিউটি না হলে আমার নাম্বারে টাকা আসলো কিভাবে? এসময় ওই কর্মকর্তা কোনো সদুত্তর না দিয়ে বলে ভুল করে বিউটির নাম্বারের পরিবর্তে তোমার নাম্বারে টাকা ঢুকে গেছে অফিসে এসে টাকা ফেরত দিয়ে যাও। একদিন, দুদিন, তিন দিন গেলেও সাজিদা টাকা ফেরত না দেওয়ায় তার ছোট ভাইয়ের ফোন বিভিন্ন লোকজন দিয়ে টাকা ফেরত দিতে হুমকি ধামকি দিয়ে চাপ দিতে থাকে ওই অসাধু কর্মকর্তা রাফেজা খাতুন। নিরুপায় হয়ে ওই ভুক্তভোগী নারী লিখিত অভিযোগ দায়ের করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার বরাবর। লিখিত অভিযোগের পেক্ষিতে জানাগেছে, দামুড়হুদা দশমীপাড়ার হাবিবুর রহমানের স্ত্রী আনসার ভিডিপির সদস্য সাজিদা খাতুন গত মাচ মাসে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচনে ডিউটি নেয়ার জন্য দামুড়হুদা উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা খাতুনের সাথে দেখা করেন। এসময় তিনি (ওই কর্মকর্তা) ডিউটি দেবার জন্য ৫শ টাকা দাবী করেন। সাজিদার কাছে ৫শ টাকা না থাকায় ২০০টাকা দিয়ে কাগজপত্র জমা দেন। ওই সময় তাকে ডিউটি দেওয়ার প্রতিশ্রুতিও দেন ওই কর্মকর্তা। নির্বাচনের ডিউটিতে যাওয়ার একদিন আগে ওই কর্মকর্তা তাকে ফোন করে বলেন তোমার ডিউটি হয়নি। তোমার নাম্বারে ভুল করে ঢুকে যাওয়া টাকা ফেরত দিয়ে যাও। সে টাকা ফেরত না দিলে তাকে বিভিন্ন লোকজন দিয়ে হুমকি ধামকি দিয়ে আসছে ওই কর্মকর্তা।

জীবননগর উপজেলা আনসার ভিডিপি কার্যালয় সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ও সীমান্ত ইউনিয়ন ছাড়া বাকি সকল ইউনিয়নের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় ১৬ই মার্চ। ওখানে ভোটকেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য ভোটগ্রহণের আগে ও পরে ১৪- ১৭ ই মার্চ মোট চার দিন দ্বায়িত্ব পালন করেন আনসার ও ভিডিপি সদস্যারা । এসময় প্রতিটি কেন্দ্রে দায়িত্ব পালন করেন ১৭ জন সদস্য। যার মধ্যে একজন প্লাটুন কমান্ডার (পিসি) ,একজন সহকারী প্লাটুন কমান্ডার (এপিসি), ৮জন পুরুষ ও ৭জন মহিলা সদস্য। এখানে প্রত্যেক পিসি ও এপিসি দ্বায়িত্ব পালনের জন্য দৈনিক ৫২৫ টাকা করে সর্বমোট ২১শ ও নারী-পুরুষ আনসার সদস্যরা পাবেন দৈনিক ৪৭৫ টাকা করে সর্বোমোট ১৯শ টাকা করে পর্যায়ক্রমে পেয়েছেন। ডিউটি করেও টাকা না পাওয়া ভূক্তভোগী আনসার সদস্যা বিউটি খাতুনের সাথে কথা হলে তিনি বলেন, নির্বাচনে একজনের পরিবর্তে আমাকে ডিউটি পাঠিয়েছেন রাফেজা ম্যাডাম। ডিউটি শেষে সকলেই তাদের পরিশ্রমের অর্থ পেলেও আমি এখনো পাইনি। আপাকে এ বিষয়ে বলেছি একদিন। তিনি বলেছেন সাজিদার কাছ থেকে টাকা নিয়ে আমাকে দিবেন,কিন্তু এখনো পর্যন্ত পাইনি ।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের কর্মকর্তা মোছাঃ রাফেজা খাতুন বলেন, আমি সাজিদার পরিবর্তে জাহানারা কে ডিউটি দিয়েছিলাম। সে অসুস্থ থাকায় যেতে পারেনি, তাই তার পরিবর্তে বিউটি নামের একটি মেয়ের দিয়ে ডিউটি করানো হয়েছে যা আমি জানতাম না। এখানে আমার যেটা ভুল হয়েছে সেটা হলো সাজিদা নাম কেটে জাহানারার নাম দেয়া। তিনি আরও বলেন, আমি কারো কাছ থেকে টাকা নেয়নি। সাজিদার কাছ থেকে রজিনা টাকা নিয়েছে, আমি জানতে পেরে টাকা ফেরত দিতে বলেছি। আর সাজিদা ও তার ভাইকে কোনো হুমকি ধামকি দেয়া হয়নি। আমি নিজে পিসি জহুরুলের মোবাইল থেকে তার সাথে কথা বলে টাকা ফেরত চেয়েছি।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা বলেন, এক ভুক্তভোগী ভিডিপির নারী সদস্যর লিখিত অভিযোগ পেয়েছি। গত বৃহস্পতিবার বিষয়টি নিয়ে বসার কথা কথা ছিলো। ভুক্তভোগী অসুস্থ থাকার জন্য বসা সম্ভব হয়নি। আগামীতে আবার বসার দিনতারিখ ঠিক করা বসে বিষয়টি সমাধানের চেষ্টা করা হবে।

## আলমডাঙ্গার কৃতি সন্তান অধ্যাপক

উপাচার্য প্রফেসর ড. আব্দুল মান্নান সহ আরো অনেক বিজ্ঞানীগন সমিতির সভাপতির দায়িত্ব পালন করেছেন।

অত্যন্ত অমায়িক ও ভদ্র মানুষ হিসেবে ক্যাম্পাসে সুপরিচিত শরীফ স্যার। আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রফেসর পদে যোগদান করার খবর আলমডাঙ্গা ফেসবুকে গ্রুপে প্রচারিত হলে উনি আমাকে মোবাইল ফোন করে অনেক আনন্দ প্রকাশ করেছিলেন। মন থেকে উনি দোয়া করেছেন। কিছুদিন আগে ঢাবির ভর্তি পরীক্ষা সংক্রান্ত কাজে বাকৃবি ক্যাম্পাসে গেলে উনি এবং ম্যাডাম আমাদের পুরো শিক্ষক টিম কে আন্তরিকভাবে আপ্যায়ন করেছিলেন।

আমরা আলমডাঙ্গাবাসী ড. শরীফ স্যা্র এবং উনার পরিবারের জন্য গর্বিত। উনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

## পাঁচ ছাত্রীর বহিষ্কারাদেশ হাইকোর্টের

এক বছরের জন্য বহিষ্কার করা হয়। এই শাস্তি বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী বিধি সম্মতি হয়নি বলে মন্তব্য করেন কোর্ট। প্রথমে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ বিষয়ে শাস্তি নির্ধারণ করবেন। পরে তিনি শৃঙ্খলা কমিটিতে পাঠাবেন। উপাচার্যের শাস্তি যথাযথ হয়েছে কি না সে ব্যাখ্য-বিশ্লেষণের পর চূড়ান্তভাবে শাস্তি আরোপ করবে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শৃঙ্খলা কমিটি। শৃঙ্খলা কমিটির সিদ্ধান্তে শাস্তি কম-বেশি হতে পারে। কিন্তু এই পাঁচ শিক্ষার্থীর ক্ষেত্রে উপাচার্য কোনো সিদ্ধান্ত দেননি। বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা কমিটি সরাসরি শাস্তি আরোপ করেছেন। পাঁচজনকে এক বছরের জন্য বহিষ্কার করেছেন। কিন্তু এই বহিষ্কার আদেশটি যথাযথ প্রক্রিয়ায় না হওয়ায় তা বাতিল করে যথাযথ প্রক্রিয়ায় নতুন করে শাস্তি আরোপ করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

এসময় বিশ্ববিদ্যালয়ের পক্ষের আইনজীবী শাহ মঞ্জুরুল হক এ ঘটনায় ক্ষমা প্রার্থনা করে ও ছাত্র-শৃঙ্খলা কমিটির রায় বহাল রাখার আবেদন করেন। পরে আদালত আবরার হত্যা মামলার কথা তুলে ধরেন। এবং বলেন এ ঘটনায় ক্ষমা করা যাবে না। এটা ক্ষমার যোগ্য না। এ ঘটনায় প্রশাসনের দায়ভার আছে। সব ঘটনা সামনে আসেনা। কিন্তু ঘটনাতো ঘটেই যাচ্ছে।

এ বিষয়ে জানতে চাইলে ভুক্তভোগী ছাত্রী ফুলপরী খাতুন বলেন, আমি আমার দাবিতে অনড় অবস্থায় রয়েছি। তাঁদেরকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবনের জন্য বহিষ্কার করা হোক এটাই আমার চাওয়া।

এ বিষয়ে ছাত্রী নির্যাতনের ঘটনায় বহিষ্কৃত ছাত্রলীগ নেত্রী সানজিদা চৌধুরী অন্তরা বলেন, হাইকোর্ট যে বিধান অনুযায়ী পুনরায় শাস্তি নির্ধারণের বিষয়ে নির্দেশ দিয়েছেন বিষয়টি আমি জানিনা। জানার পর মন্তব্য করবো।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. শাহাদাৎ হোসেন আজাদ বলেন, কোর্ট থেকে চিঠি আসলে বিস্তারিত বলতে পারবো। কোর্ট যেটা অর্ডার দেয় সে আলোকেই আমরা ব্যবস্থা নিবো।

## বাগেরহাটে যৌন ও প্রজনন স্বাস্থো

মোঃ জিল্লুর রহমানের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন, বাগেরহাট অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল জব্বার। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বাগেরহাট সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এম সাইফুল্লাহ, জেলা প্রশাসন কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার অনুজা মন্ডল, ব্রাকের জেলা সমন্বয়কারী এস এম ইদ্রীস আলম, যদুনাথ স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ঝিমি মন্ডল, জেলা ইয়ুথ মবিলাইজার রহিমা খাতুন প্রমুখ।

সভায় বক্তারা বলেন, কৈশরে যৌন ও স্বাস্থো সেবা নিশ্চিত করতে হলে স্বাস্থো সেবায় সচেতনার পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে যথার্থ্য ভাবে পাঠদান করতে হবে। শিক্ষার্থীদের যৌন ও প্রজনন স্বাস্থ্যে সুরক্ষা নিশ্চিত করবার লক্ষ্যে সরকারী/ বেসরকারী কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও কমিউনিটির সদস্যদের যার যার অবস্থান থেকে সক্রিয় ও উদ্যোগী ভূমিকা পালন করবার আহবান জানান বক্তারা।

## গাংনীতে ১৩ দফা দাবিতে বিএডিসি

যুগ্ম পরিচালক যোগদান করার পর থেকে বিভিন্ন ধরনের অনিয়ম করে লক্ষ লক্ষ টাকা লোপাট করছে বর্তমান সরকার শ্রমিক বান্ধব সরকার আশা করি মানবতার মা বর্তমান প্রধানমন্ত্রী শ্রমিকদের বিষয়টি বিশেষ বিবেচনা করবেন। বক্তরা আরও বলেন, খাদ্যদ্রব্যের মূল্য দিনদিন যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে করে আমাদের মত নিম্ন আয়ের মানুষের বেঁচে থাকাটাই বড় কষ্টের। তাই সরকারের কাছে অনুরাধে শ্রমিকদের প্রতিদিনের পারিশ্রমিক ১হাজার টাকা করতে হবে। সেই সাথে বছরে দুইটি উৎসব ভাতাসহ ১৩ দফা দাবি মেনে নিতে হবে। যদি এ দাবি মেনে না নেয়া হয় তাহলে আগামীতে লাগাতার কর্মসূচি দেয়া হবে। খামারে শত শত শ্রমিকরা এই বিক্ষোভ মিছিল ও মানববন্ধনে অংশগ্রহণ করে।

## যশোরে ট্রেকার ও মোটরসাইকেলের

মন্ডল ওরফে সাগর ও রাজু আহমেদ কেশবপুরের কলাগাছি বাজারের দিকে আসছিল। পথে আড়খালি নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা যাত্রীবাহী ট্রেকারের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় মোটরসাইকেল চালক সাগর মন্ডল ও আরোহী রাজু আহমেদ ঘটনাস্থলেই মারা যান।

এ বিষয়ে পাঁজিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জসীম উদ্দীন সড়ক দুর্ঘটনায় ওই দুজনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

## সরিষাবাড়ীতে রূপালী ব্যাংকের

সভাপতিত্বে এতে বিশেষ অতিথি জোনাল অফিসের সহকারী মহাব্যবস্থাপক মোহাম্মদ শাহ্জাহান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সরিষাবাড়ী শাখা ব্যবস্থাপক ইমরুল কায়েস, কবি ও সাংবাদিক জাকারিয়া জাহাঙ্গীর, ব্যবসায়ী সোহেল রানা প্রমুখ। এসময় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

## মুজিবনগরে ট্রান্সফরমার ভেঙ্গে

প্রায় ২৪ ঘন্টাই সেচ পাম্প চালাতে হচ্ছে। মঙ্গলবার রাত দেড়টা পর্যন্ত তিনি ডিপটিউবওয়েল ঘরে ছিলেন। বাড়ির যাওয়ার পর চোর হানা দেয়। তারা বৈদ্যুতিদক খুঁটিতে উঠে ছয়টি ট্রান্সফরমার নিচে নামিয়ে আনে। ট্রান্সফরমারগুলো খুলে তামার চার বের করে নিয়ে পালিয়ে যায়। ক্ষয়ক্ষতির বিষয়ে শরিফুল ইসলাম বলেন, ছয়টি ট্রান্সফরমার কিনতে চার লাখ টাকার উপরে খরচ হবে। পল্লী বিদ্যুত থেকে বিনামূল্যে পাওয়ার সুযোগ নেই বলে আমাকে কিনতে বলেছে। এ মুর্হূতে ট্রান্সফরমার কেনার সাধ্য না থাকায় চাষাবাদ করা সম্ভব নয় বলে জানান তিনি। তিনি আরও জানান, দুটি ডিপটিউবওয়েলের আওতায় ৫শ বিঘা মত জমি আবাদ হয়। মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদি রাসেল জানান, ট্রান্সফরমার চুরি বন্ধে চাষীদের সতর্কতামূলক কার্যক্রম এবং চোর আটকের জোর চেষ্টা চলছে।

## কালীগঞ্জে দুই গ্রুপের সংঘর্ষে

ইনচার্জ মাহাবুবুর রহমান জানান, দীর্ঘ দিন ধরে গোপালপুর গ্রামের আলাউদ্দিন আলা গ্রুপ ও মালেক মোল্যা গ্রুপের মধ্যে সামাজিক আধিপত্য বিস্তার কেন্দ্র করে বিরোধ চলে আসছিলো। বুধবার বিকেলে এই সমস্যা নিরসনের জন্য জামাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোদাচ্ছের হোসেনের নেতৃত্বে ইউনিয়ন পরিষদে বৈঠক ডাকা হয়। এ সময় দুই গ্রুপের বাকবিতন্ডার এক পর্যায়ে দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। এ সময় উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়। আহতদেরকে প্রথমে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এ সময় ৬ জনের অবস্থার অবনতি হলে তাদেরকে যশোর মেডিকেল কলেজ হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য রেফার্ড করা হয়। এই ঘটনায় এলাকায় চরম উত্তেজনা চলছে। ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে।

## পানির অভাবে পাট জাগ দিতে

হয়ে পুকুর ও গর্তের স্বল্প পানিতে পাট জাগ দিচ্ছেন চাষিরা। এতে পাটের গুণগত মান নষ্ট হচ্ছে। ফলে বাজারে পাটের দাম ভালো পাওয়া যাচ্ছে না। এমনিতেই অনাবৃষ্টিতে বারবার সেচ দিতে হয়েছে ক্ষেতে। এতে করে ব্যয়ও বেড়েছে। সব মিলিয়ে পাটের এবার লোকসান গুনতে হবে বলে আশঙ্কা করছেন চাষিরা। ফলে আগামীতে পাটচাষ থেকে মুখ ফিরিয়ে নিতে পারেন সিংহভাগ চাষি। গাংনীর বিভিন্ন মাঠে দেখা যায়, কৃষকরা পাট কেটে জমিতে ফেলে রেখেছেন। কোনো কোনো কৃষক তার ক্ষেতের উৎপাদিত পাট নসিমনে করে ৩/৪ কিলোমিটার দূরে নিয়ে খাল বা ডোবায় জাগ দেওয়ার চেষ্টা করছেন। অনেক চাষিই এখনও সিদ্ধান্তহীনতায় রয়েছেন ক্ষেতের পাট কোথায় জাগ দেবেন। এ জন্য তারা পাট কেটে রাস্তার পাশে ও জমিতে আঁটি বেধে রেখে দিয়েছেন। কেউ কেউ গর্তে পাটের উপর মাটি চাপা দিয়ে জাগ দিচ্ছেন। কৃষি অফিস পলিথিন কাগজ ও ইট পাথর চাপা দেয়ার কথা বললেও উৎপাদন খরচ বেশী হবার ভয়ে চাষিরা কৃষি অফিসের পরামর্শ মানতে নারাজ। এ উপজেলার কামারখালি গ্রামের পাটচাষি সোলাইমান জানান, তিনি এ বছর ১০ বিঘা জমিতে পাট চাষ করেছেন। খাল, বিল ও ডোবা নালাতে পানির পরিমাণ খুবই কম। বাধ্য হয়েই অল্প পানিতে পাট জাগ দিচ্ছেন তিনি। এতে পাটের সোনালী রং কালচে বর্ণ ধারণ করেছে। যে রঙের কারণে বাজারে ভালো দাম মিলছে না। পাট বিক্রি করে উৎপাদন খরচ উঠছে না। পাটকাঠি বিক্রি করে যদি কটা টাকা পাওয়া যায়। ছাতিয়ানের কৃষক হাবিবুর রহমান জানান, বর্ষা মৌসুমে এ অঞ্চলের নিচু জমিতে পানি থইথই করে। পাট কেটে সেখানে জাগ দেয়া হতো। বৃষ্টির অভাবে এবার খাল-বিল, ডোবা-নালায় পর্যাপ্ত পানি না থাকায় পাট জাগ দেওয়া যাচ্ছে না। ফলে কবে নাগাদ পাট কাটবেন তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। তাছাড়া স্থানীয় মরা নদীতে পাট জাগ দেয়ার উপায় নেই। নদীটি লীজ দেয়া হয়েছে। ফলে ইজারদাররা পাট জাগ দিতে দেন না। কৃষকরা আরো জানান, অনেকেই পাট চাষ করে পড়েছেন উভয় সংকটে। এখন না পারছেন কাটতে, না পারছেন জমিতে রাখতে। কেননা এখন ধান রোপনের সময় এসে গেছে। বামন্দী বাজারের বিশিষ্ট পাট ব্যবসায়ি কাউছার জানান, চলতি মৌসুমে তারা পাট ক্রয় করছেন। নদীর পানিতে জাগ দেয়া পাটের গুণগত মান ভাল হওয়ায় দু'হাজার ২০০ টাকা মন পাট কিনছেন। আর যে পাটের মান খারাপ তা কেনা হচ্ছে এক হাজার আটশ' টাকা থেকে দু'হাজার টাকা মন। গাংনী উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন জানান, গেল বছর পাটের দাম পাওয়ায় চলতি মৌসুমে ৭ হাজার ৫০০ হেক্টর জমিতে পাট চাষ করা হয়। ফলনও বেশ ভাল। উপজেলায় দুই জাতের পাট চাষ করা হয়। এখন পাট কাটার উপযুক্ত সময় হলেও পর্যাপ্ত বৃষ্টি না হওয়ায় অনেক চাষি সময়মতো পাট কাটতে পারেননি আবার সঠিকভাবে সঠিকভাবে পাট জাগ দিতে পারছেন না। চাষিদেরকে পাট জাগ দেয়ার জন্য প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে।

## মুজিবনগরে জামায়াত ইসলামীর

খাঁনপুর গ্রামের আবু সিদ্দিকের বাড়িতে সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে কয়েক জন পালিয়ে যায়। এসময় জামায়াতের আট নারীকে আটক করতে সক্ষম হয় পুলিশ। তাদের নিকট থেকে বিপুল পরিমান উগ্রবাদী বই উদ্ধার করা হয়েছে। তিনি আরও জানান- সরকার সম্পর্কে বিদ্বেষ ও মিথ্যা তথ্য ছড়িয়ে নাশকতা সৃষ্টি করার উদ্দেশ্যে তারা এলাকার সহজ-সরল নারীদের একত্রিত করে গোপন সভা করছিল। যা জনগনের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে আইন শৃঙ্খলার অবনতির অভিযোগে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী)/২০১৩ এর ৬/৭/১০ ধারায় তাদের নামে মামলা করা হয়েছে। আটক হওয়া ৮ জনসহ অজ্ঞাতনামা আরও ১৫/২০ জনকে আসামি করে মামলাটি দায়ের করেছে পুলিশ। আটককৃতদেরকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে বলে বলেও জানান তিনি।

## শ্যামনগরে সাবেক ইউপি চেয়ারম্যানের

করে। মামলার অন্যান্য আসামীরা হলেন, সাতক্ষীরার শ্যামনগর উপজেলার কৈখালী ইউনিয়নের বৈশখালী গ্রামের মৃত ছাকাত মোল্যার ছেলে আবুল হোসেন মোল্যা, হেতালখালী গ্রামের আবুল মিস্ত্রীর ছেলে তাহের গাজী, মেন্দিনগর গ্রামের মৃত মোবারক আলীর ছেলে বাবলুর রহমান, শ্রীফলকাটি গ্রামের আব্দুল সরদারের ছেলে ফিরোজ সরদার প্রমুখ।

শ্যামনগর থানার ওসি (তদন্ত) হাফিজুর রহমান মামলার সত্যতা নিশ্চিত করে বলেন, তদন্ত সাপেক্ষ্যে আসামীদের গ্রেপ্তারের প্রক্রিয়া অব্যহত আছে।

## ছাগল নিয়ে ট্রেনে কাটা পড়লেন

কিছু ছাগল তার বাড়ির পাশের রেললাইনের ওপর উঠে পড়ে। এসময় খুলনা থেকে চিলাহাটিগামী রূপসা এক্সপ্রেস ট্রেনটি চলে আসে। ছাগলগুলোকে বাঁচাতে গিয়ে তিনিসহ আরও ৭টি ছাগল ট্রেনে কাটা পড়ে মারা যায়। খবর পেয়ে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

## দেশের শান্তিপূর্ণ পরিবেশ বিনষ্ট

জননিরাপত্তার বিঘ্ন ঘটলে তার দায়ভার বিএনপিকে নিতে হবে।'

ওবায়দুল কাদের আজ বুধবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ কথা বলেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বিভ্রান্তিকর ও উদ্দেশ্যপ্রণোদিত রাজনৈতিক বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে এই বিবৃতি প্রদান করা হয়।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, ২০১৪ সালে নির্বাচন বানচালের জন্য বিএনপি অগ্নিসন্ত্রাসের মাধ্যমে শত শত নিরীহ মানুষকে পুড়িয়ে মেরেছিল। ৩ হাজার ৮০০ যানবাহন, ৫ শতাধিক স্কুল, ভূমি অফিস, মানুষের ঘর-বাড়ি, ব্যবসা প্রতিষ্ঠানসহ সরকারি-বেসরকারি অনেক প্রতিষ্ঠান আগুনে পুড়িয়ে দিয়েছিল।

বিএনপিকে ষড়যন্ত্র অপকৌশল থেকে ফিরে এসে নির্বাচনের মাধ্যমে জনগণের মুখোমুখি হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, বিএনপি এ ধরনের সন্ত্রাসী কর্মকা-ের পুনরাবৃত্তি ঘটানোর চক্রান্ত করছে। তারা তথাকথিত আন্দোলনের নামে আগামী জাতীয় সংসদ নির্বাচন ভন্ডুল করার পাঁয়তারা করছে।

ওবায়দুল কাদের বলেন, জনগণ দ্বারা বার বার প্রত্যাখ্যাত হয়ে বিএনপি নির্বাচনে আসতে ভয় পায়। দেশবাসী প্রত্যক্ষ করেছে, বিগত দিনগুলোতে নির্বাচন ও নির্বাচন প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করাই ছিলো বিএনপির একমাত্র রাজনৈতিক এজেন্ডা।

তিনি বলেন, এ লক্ষ্যে তারা তাদের সন্ত্রাসী ও ক্যাডারবাহিনীকে লেলিয়ে দিয়ে সুষ্ঠু ও শান্তিপূর্ণ রাজনৈতিক পরিবেশ বিনষ্ট করার অপতৎপরতায় লিপ্ত রয়েছে। একইসাথে সন্ত্রাসীদের পৃষ্ঠপোষকতা প্রদান করছে এবং সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির উস্কানি দিচ্ছে। নির্বাচন যত ঘনিয়ে আসবে বিএনপির সন্ত্রাসী অপতৎপরতা ততো বৃদ্ধি পাবে।

ওবায়দুল কাদের বলেন, ইতিহাস সাক্ষ্য দেয় যে, বিএনপির রাজনীতির মূল হাতিয়ার হলো সন্ত্রাস ও মিথ্যাচার। বিএনপির প্রতিষ্ঠাতা সামরিক স্বৈরাচার জিয়াউর রহমান মুক্তিযুদ্ধের চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধকে ভূলুণ্ঠিত করে অসাংবিধানিক ও অবৈধ পন্থায় রাষ্ট্রক্ষমতা দখল করে।

তিনি বলেন, জিয়াউর রহমান রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে ত্রাস সৃষ্টির মাধ্যমে জনগণের গণতান্ত্রিক অধিকারের টুঁটি চেপে ধরে। বিএনপি সর্বদাই গণচেতনার বিপরীতে পথ চলা রাজনৈতিক অপশক্তি। বিএনপি ও তার দোসররা বার বার এদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে ব্যাহত করেছে। জনমনে ভীতির সঞ্চার করে জনগণকে জিম্মি করে যে কোনো উপায়ে ক্ষমতা দখলই বিএনপির একমাত্র লক্ষ্য।

## নতুন প্রধান বিচারপতি হচ্ছেন

ফয়েজ সিদ্দিকীর শেষ কর্মদিবস হিসেবে বিবেচিত হতে যাচ্ছে। হাসান ফয়েজ সিদ্দিকীর পর নতুন প্রধান বিচারপতি কে হবেন সেটি নিয়ে নানা রকম আলোচনা চলছে।

সরকারের দায়িত্বশীল সূত্রগুলো বলছে, সরকার এ সময় জ্যেষ্ঠতা লঙ্ঘন করবে না। প্রধান বিচারপতির পর যিনি জ্যেষ্ঠ বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করছেন তিনিই প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ পাবেন। সে হিসেবে বিচারপতি ওবায়দুল হাসান প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর স্থলাভিষিক্ত হতে যাচ্ছেন এটা মোটামুটি নিশ্চিত।

## কে হচ্ছেন ডিএমপির নতুন

গেছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নানা রদবদলের কারণে ইতোমধ্যে বিভিন্ন মহলে আলোচনা সমালোচনা শুরু হয়েছে। তাই খন্দকার গোলাম ফারুকের চুক্তিভিত্তিক নিয়োগ হবার কোন সম্ভাবনা নেই বলেই মনে করছেন পর্যবেক্ষক মহল। ডিএমপি কমিশনারের পদটি বাংলাদেশের গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল পদগুলোর মধ্যে একটি। ইতোমধ্যে কমিশনার হওয়ার দৌড়ে কয়েকজনের এগিয়ে থাকার গুঞ্জন শোনা যাচ্ছে। তবে একাধিক সূত্র বলছে যে, নতুন কমিশনার হিসেবে সবচেয়ে বেশি পছন্দের ব্যক্তি তিনি হলেন অতিরিক্ত আইজিপি হাবিবুর রহমান। তিনি বর্তমানে টুরিস্ট পুলিশের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। জানা গেছে, গতবারই হাবিবুর রহমানের পুলিশ কমিশনার হিসেবে নিয়োগ পাবার কথা ছিল। কিন্তু বিভিন্ন হিসেব নিকেশের কারণে তিনি কমিশনার হতে পারেননি। কিন্তু এবার তিনিই ডিমপি কমিশনার হিসেবে নিয়োগ পেতে যাচ্ছেন এটি মোটামুটি নিশ্চিত।

উল্লেখ্য, হাবিবুর রহমান পুলিশ বিভাগে ধারাবাহিক সাফল্যের স্বীকৃতিস্বরূপ এ পর্যন্ত তিনবার বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম) ও দুইবার রাষ্ট্রপতি পুলিশ পদক (পিপিএম) পেয়েছেন।

## আজ কে জিতবে?

কর্মসূচি পালন করবে। অন্যদিকে আওয়ামী লীগ একাই কর্মসূচি পালন করবে। এই দুই কর্মসূচিতে তারাই জিতবে যারা কৌশলের খেলায় জয়ী হবে। বিএনপির প্রধান কৌশল হল আগামী নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করা এবং সরকার যেন বর্তমান সাংবিধানিক কাঠামোর মধ্যে নির্বাচন করতে না পারে সেটি নিশ্চিত করা। অন্যদিকে আওয়ামী লীগ চাইছে, যেকোনো মূল্যে আগামী জাতীয় সংসদ নির্বাচন নির্ধারিত সময়ে করতে। এখন দেখার বিষয় যে ২৭ জুলাই এর সমাবেশ কার পাল্লা ভারী করে।

তবে রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন ২৭ জুলাই জয়-পরাজয়ের নিষ্পত্তি হবে না। বরং ২৭ জুলাই একটি নতুন প্রেক্ষাপট তৈরি হবে। ২৭ জুলাই এর জনসভায় কার শক্তি বেশি সেটি যেমন রাজনীতিতে একটি গুরুত্ব বহন করবে পাশাপাশি এই সমাবেশের পর আন্তর্জাতিক মহলের প্রতিক্রিয়া কি হবে সেটিও বড় বিবেচ্য বিষয়। সবকিছু মিলিয়ে ২৭ জুলাই এর পর বাংলাদেশের রাজনীতিতে একটি নতুন মেরুকরণ ঘটতে পারে বলে কেউ কেউ মনে করছেন। তবে অনেকের ধারণা বিএনপির আন্দোলনে এখনও জনসম্পৃক্ততা হয়নি। জনগণ এই আন্দোলনের সঙ্গে এখনও যুক্ত হয়নি। আর এটিই তাদের আন্দোলনের সবচেয়ে বড় দুর্বলতা। জনসম্পৃক্ততা ছাড়া এ ধরনের আন্দোলনের মাধ্যমে সরকারকে হটানো অলীক কল্পনা বলেও কিছু কিছু রাজনৈতিক বিশ্লেষক মনে করছেন। তবে সবকিছু মিলিয়ে রাজনীতিতে যে অস্থিরতার পদধ্বনি শোনা যাচ্ছে তা আগামী নির্বাচন পর্যন্ত অব্যাহত থাকতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

## মোদি সরকারের বিরুদ্ধে অনাস্থা

মোদিকে জবাব দিতে অনাস্থা প্রস্তাব আনা হতে পারে বলে ইঙ্গিত পাওয়া যাচ্ছিল। বুধবার (২৬ জুলাই) সকালে সংসদে অনাস্থা প্রস্তাব আনেন কংগ্রেসের গৌরব গগৈ। বিআরএসের ফ্লোর লিডার নাগেশ্বর রাওও অনাস্থা প্রস্তাব এনেছিলেন। বিরোধীদলীয় সংসদ সদস্যরা দাঁড়িয়ে তাতে সমর্থন জানান। মোদি সরকারের বিরুদ্ধে এই প্রস্তাবে কোনো সংকট তৈরি হবে কিনা এখনো স্পষ্ট নয়। তবে বিরোধীদের কিছুটা খোঁচা দিয়ে সংসদ বিষয়ক মন্ত্রী ও বিজেপি নেতা প্রহ্লাদ জোশি বলেন, 'প্রধানমন্ত্রী ও বিজেপি সরকারে আস্থা রয়েছে জনগণের।' ভারতীয় সংবাদমাধ্যম বলছে, পার্লামেন্টে ৫০ জন্য সদস্যের সমর্থন থাকলে অনাস্থা প্রস্তাবটি অনুষ্ঠিত হবে। এ ক্ষেত্রে লোকসভায় বিআরএসের মাত্রা ৯টি আসন রয়েছে। ৫৪৩ সদস্যের লোকসভায় ক্ষমতাসীন এনডিএ'র রয়েছে ৩৩১টি আসন। অন্যদিকে বিরোধী দল ইন্ডিয়া জোটের ১৪৪টি।

## ১৩ দূতকে ডেকে পররাষ্ট্র

নির্বাচনকে মূল্যায়ন করা ঠিক হবে না। শাহরিয়ার আলম বলেন, আমরা তাদের বলেছি ওই নির্বাচনে সহিংসতা হয়নি। হিরো আলম সারাদিন সতীর্থদের সঙ্গে বিভিন্ন কেন্দ্র অবাধে বিচরণ করে নির্বাচন পর্যবেক্ষণ করেছেন। ভোট শেষ হওয়ার আগ মুহূর্ত পর্যন্ত তিনিও কোনো অপ্রীতিকর ঘটনার শিকার হননি বা কোনো অভিযোগ করেননি। অন্য প্রার্থীরাও কোনো ধরনের সহিংসতা বা অন্য কোনো অনিয়মের অভিযোগ করেননি। তিনি বলেন, শেষ মুহূর্তের একটি বিচ্ছিন্ন ঘটনাকে গুটিকয়েক দূত যেভাবে উপস্থাপন করেছেন তা কখনোই সারাদিনের শান্তিপূর্ণ নির্বাচনকে প্রতিফলিত করে না বলে আমরা তাদের জানিয়েছি। বলেছি, দ্রুত প্রতিক্রিয়া দিতে গিয়ে তারা তাদের মূল্যায়নের বস্তুনিষ্ঠতার প্রতি যথাযথ গুরুত্ব দেননি।

প্রতিমন্ত্রী বলেন, ওই ঘটনায় নির্বাচন কমিশন এবং সরকার ত্বরিত ও আইনানুগ ব্যবস্থা নিয়েছে। ১৯ জুলাই দূতদের বিবৃতি দেওয়ার অনেক আগেই অভিযুক্ত দুজনকে গ্রেপ্তার করা হয়েছিল। আইনানুগ ব্যবস্থা নেওয়ার পরও এই দূতরা আইনানুগ ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন যা অযাচিত ও অপ্রয়োজনীয়। যে দ্রুততা ও গুরুত্বের সঙ্গে বিচ্ছিন্ন ঘটনাটির সমালোচনা তারা করেছেন, সেই গুরুত্ব ও দ্রুততার সঙ্গে কিন্তু তারা সরকারের গৃহীত তাৎক্ষণিক ও ত্বরিত আইনানুগ ব্যবস্থাকে মূল্যায়ন করেননি। তাই যৌথ বিবৃতিটির বস্তুনিষ্ঠতা ও উদ্দেশ্য নিয়ে ভাবনার অবকাশ থেকেই যায়।

## বাগেরহাটে নসিমন থেকে পড়ে

ইসলাম বলেন, ক্ষুদ্র কাঠ ব্যবসায়ী মনি সরদার এলাকা থেকে আগাছা কাঠ নিয়ে শহরের কাঠগোলায় বিক্রি করে বাড়ি ফিরছিলেন। শহরের মুণিগঞ্জ বটতলা এলাকায় ভাঙ্গা জায়গা থেকে যাওয়ার সময় নসিমন থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। বিকালে চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে মনি সরদার মারা যান।

## বায়তুল মোকাররম গেটে

বায়তুল মোকাররমের দক্ষিণ গেটে সমাবেশ করার অনুমতি দেওয়া হলেও পরে নিষেধ করা হয়। স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বলেন, বায়তুল মোকাররমের দক্ষিণ গেটে শান্তি সমাবেশ করতে আমাদের মৌখিক অনুমোদন দেওয়া হয়েছিল। সেই অনুযায়ী আমরা প্রস্তুতিও নিয়েছি। এখন সরকারের পক্ষ থেকে বলা হয়েছে রাস্তায় সমাবেশ না করার জন্য। আমরা সেটা মেনে নিয়েছি। এর আগে বায়তুল মোকাররমের দক্ষিণ গেটে যুবলীগ, সেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগ আয়োজিত শান্তি সমাবেশের মঞ্চ তৈরির কাজ শুরু হয়েছিল। শান্তি সমাবেশে ক্ষমতাসীনরা জনসমুদ্রের প্রত্যাশা করছে। তিন সংগঠনের এ সমাবেশে কয়েক লাখ নেতাকর্মীকে টানার টার্গেট রয়েছে।

## পরীক্ষামূলক রুপিতে আমদানি পণ্যের

বর্তমানে বাংলাদেশ ও ভারতের মধ্যে বছরে ১৬ বিলিয়ন ডলারের মতো বাণিজ্য হয়। এর মধ্যে ভারত থেকে মাত্র ২ বিলিয়ন ডলারের রপ্তানি আয় আসে। অর্থাৎ দুই বিলিয়ন ডলারের লেনদেন হতে পারে রুপিতে। তবে ভারতে রপ্তানি বাড়াতে পারলে সে হিসাব পাল্টে যাবে। ডলারের নির্ভরতা আরও কমে আসবে।

বেনাপোল আমদানি ও রপ্তানি সমিতির সভাপতি মহসিন মিলন জানান, রুপিতে আমদানি ব্যয় মেটানোর বিষয়ে গত এক দশক আগে আলোচনা শুরু হয়। তবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধে ডলার সংকট দেখা দিলে রুপিতে পণ্য আমদানির বিষয়টি নতুন করে প্রাধান্য পায়।

বাংলাদেশের ইস্টার্ন ও ভারতের স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার মাধ্যমে রুপিতে লেনদেন করতে পারবেন বাংলাদেশি ব্যবসায়ীরা। সোনালী ব্যাংক অনুমোদনের অপেক্ষায় আছে। ভারত অংশে এ সম্পর্কিত বিষয়ের দায়িত্বে থাকবে দেশটির আইসিআইসি ব্যাংক এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া।

ভারত-বাংলাদেশের মধ্যে বাণিজ্য সহজীকরণে ভারতীয় মুদ্রা রুপিতে বাংলাদেশ-ভারত বাণিজ্যের আনুষ্ঠানিক উদ্বোধনকে কেন্দ্র করে বেনাপোল স্থলবন্দর ব্যবহারকারী বাণিজ্যিক সংগঠনের নেতাদের মধ্যে নতুন করে আশার আলো সঞ্চার হয়েছে। রুপিতে লেনদেনের চাহিদা বাড়লে পর্যায়ক্রমে অন্য ব্যাংককেও অনুমতি দেবে বাংলাদেশ এবং ভারতের কেন্দ্রীয় ব্যাংক।

বেনাপোল সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের বন্দর বিষয়ক সম্পাদক মো. মেহেরুল্লাহ জানান, বর্তমান ডলার সংকটের এ বাজারে রুপিতে আমদানি ব্যয় পরিশোধ বাণিজ্যকে আরও সহজ ও সাশ্রয়ী করবে। সরকারের এমন উদ্যোগকে সাধুবাদ জানায়।

## এসএসসির ফল আগামীকাল জানা

রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে রেজাল্ট শিট ডাউনলোড করতে পারবে। এর বাইরে এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে। সেক্ষেত্রে মোবাইলফোনের মেসেজ অপশনে গিয়ে ঝঝঈ লিখে স্পেস দিয়ে ইংরেজিতে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর দিতে হবে। এরপর আবারও স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে (উদাহরণ-ঝঝঈ উঐঅ জঙখখ ণঊঅজ)। ফিরতি মেসেজে ফল জানিয়ে দেওয়া হবে। শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট পেতে বোর্ডের ওয়েবসাইট প্রবেশ করতে হবে। এরপর রেজাল্ট কর্নারে ক্লিক করে শিক্ষাপ্রতিষ্ঠানে ইআইআইএন (ঊওওঘ) এন্ট্রি করতে হবে। তাহলে ওই শিক্ষাপ্রতিষ্ঠানের রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

গত ৩০ এপ্রিল শুরু হয় এসএসসি ও সমমানের পরীক্ষা। শেষ হয় ২৮ মে। সে হিসেবে ৩০ জুলাই এসএসসি পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিন পূর্ণ হবে। সাধারণত দুই মাসের মধ্যে ফল প্রকাশের রেওয়াজ আছে।

# লোহাগড়ায় ক্লিনিকে ভ্রাম্যমাণ আদালতের ৩০ হাজার টাকা জরিমানা

**নিজস্ব প্রতিবেদক :** নড়াইলের লোহাগড়া সিএন্ডবি চৌরাস্তা এলাকায় মোরশেদা ক্লিনিককে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালত। বিভিন্ন অনিয়ম ও অব্যবস্থাপনার কারণে এ জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট শোভাশীষ বিশ্বাস সহ সংশ্লিষ্টরা এ অভিযান পরিচালনা করেন।

নড়াইল জেলার সিভিল সার্জন ডাক্তার সাজেদা বেগম পলিন জানান, জেলা প্রশাসন ও সিভিল সার্জন অফিসের সমন্বয়ে মোরশেদা ক্লিনিকে বিভিন্ন অব্যবস্থাপনার কারণে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। এর আগে গত ৮ জুলাই লোহাগড়া উপজেলার আলা মুনশির মোড় এলাকায় ভ্রাম্যমান আদালতের অভিযান চালিয়ে দৃষ্টিকোণ চক্ষু হাসপাতাল ৩ এবং লক্ষীপাশা এলাকার সততা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে জরিমানা করেন ভ্রাম্যমান আদালত। নিবন্ধন ছাড়া কার্যক্রম পরিচালনার দায়ে সততা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা এবং দৃষ্টিকোণ চক্ষু হাসপাতালকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

# এশিয়ার সেরা সিংহুয়া বিশ্ববিদ্যালয়ে পিএইচডির সুযোগ পেলেন ইবি শিক্ষার্থী আল-আমিন



**মোতালেব বিশ্বাস, ইবি :** কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইন্জিনিয়ারিং বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আল-আমিন মিলন এশিয়ার সেরা সিংহুয়া বিশ্ববিদ্যালয়ে পিএইচডি করার সুযোগ পেয়েছেন।

চীনের সিংহুয়া বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ এনভায়রনমেন্ট এর অধীনে এনভায়রনমেন্টাল বায়োলজি বিভাগে পিএইচডি করবেন তিনি। চীন সরকারের প্রতিযোগিতামুলক স্কলারশিপ CSC TypeA এর অধীনে তিনি এই পিএইচডি সম্পন্ন করবেন। এছাড়াও তিনি সম্প্রতি ইরাসমাস মোবিলিটি প্রোগ্রামের অধীনে তুরস্কের চানকিরি কারাতেকিন বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে এসেছেন। পড়াশোনার পাশাপাশি তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাদ্দাম হোসেন হল ডিবেটিং সোসাইটির সভাপতি, বিএনসিসি এর ক্যাডেট কর্পোরাল সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে যুক্ত ছিলেন। উচ্ছ্বাস প্রকাশ করে আল-আমিন মিলন বলেন, এশিয়ার অন্যতম একটি সেরা বিশ্ববিদ্যালয়ে পিএইচডির সুযোগ পেয়ে আমি নিজেকে সৌভাগ্যবান মনে করছি। সফলতার পথটি ছিলো অনেক দীর্ঘ। মহান আল্লাহ তাআ্বলার অশেষ রহমতে আমি আমার লক্ষ্যে পৌঁছেছি, আলহামদুলিল্লাহ। আমি মনে করি, আমার এই সুযোগ ভবিষ্যতে অনান্যদের অনুপ্রাণিত করবে। উল্লেখ্য, টাইমস হায়ার এডুকেশনের ২০২৩ সালের বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকায় সিংহুয়া বিশ্ববিদ্যালয়ের অবস্থান এশিয়ার মধ্যে ১ম এবং সারা বিশ্বে ১৬ তম। এছাড়াও চীনের এমআইটি নামেও ডাকা হয় এই বিশ্ববিদ্যালয়কে।

# একুয়েডরে কারাগারে সহিংসতায় ৩১ মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** একুয়েডরের সবচেয়ে বিপজ্জনক কারাগারে শনি ও রোববারের সহিংসতায় মৃতের সংখ্যা গত মঙ্গলবার রাত পর্যন্ত ৩১ জনে দাঁড়িয়েছে বলে দেশটির অ্যাটর্নি জেনারেল জানিয়েছেন। এর আগে দেশটির সরকার কারাগারগুলোতে দুই মাসের জরুরি অবস্থা জারি করেছিল।এক বিবৃতিতে দেশটির সরকার বলেছে, জরুরি ঘোষণাটিই ইসমিরালডাস শহরে সহিংসতা শুরুর কারণ হয়েছে বলে মনে হচ্ছে, এখানে স্থানীয় কারাগারে ১৫ জন কারারক্ষী ও অন্য দু'জন কর্মীকে জিম্মি করে রাখা হয়েছিল। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, ইসমিরালডাস শহরে পুলিশের একটি ইউনিটের ওপর হামলা চালানো হয়, পেট্রল পাম্পে বোমা পেতে রাখা হয় এবং বেশ কয়েকটি গাড়ি জ্বালিয়ে দেওয়া হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে অ্যাটর্নি জেনারেলের দপ্তর বলেছে, শহরটিতে তাদের দপ্তরে ককটেল হামলায় এক বেসামরিক আহত হয়েছে। দুই মাসের জরুরি অবস্থা জারির পর গুয়াইয়াকিল শহরের পেনিতেনশিয়ারিয়া দেল লিতোরাল কারাগারে ব্যাপকভাবে সজ্জিত ২৭০০ সেনা ও পুলিশ প্রবেশ করে। তারা নিয়ন্ত্রিত বিস্ফোরণ চালিয়ে তিনটি সেলব্লকের নিয়ন্ত্রণ পুনরুদ্ধার করে। গত শনিবার একুয়েডরের অন্যতম সবচেয়ে বিপজ্জনক এই কারাগারে সংঘর্ষ শুরু হয়। দেশটির অ্যাটর্নি জেনারেলের দপ্তর সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে (সাবেক টুইটার) করা এক পোস্টে এই কারগারটিতে মৃতের সংখ্যা ১৮ থেকে বাড়িয়ে ৩১ জন করে আর আহতের সংখ্যা বেড়ে ১৪ জনে দাঁড়িয়েছে বলে জানায়। সরকার জানিয়েছে, দেশব্যাপী ছয়টি কারাগারে জিম্মি করে রাখা প্রায় ১২০ জনের মতো কর্মকর্তাকে মুক্ত করা হয়েছে। বেশ কয়েকটি কারাগারে অনশন ধর্মঘট শুরু হয়েছে, এমন কথা শোনা গেলেও সরকারিভাবে এ বিষয়ে কোনো তথ্য দেওয়া হয়নি। আগামী ২০ অগাস্ট একুয়েডরে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। কিছু প্রেসিডেন্ট পদপ্রার্থী নির্বাচিত হলে কারাগার সংস্কার করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। এই নির্বাচনের আগে দেশটির কারাগারগুলোতে এসব সহিংসতা শুরু হয়েছে। প্রেসিডেন্ট গিয়েরমো লাসো জরুরি অবস্থা জারি করে যে ডিক্রি স্বাক্ষর করেছেন তা অনুযায়ী, গুয়াইয়াকিলের বন্দিরা সহিংসতা চলার সময় আগ্নেয়াস্ত্র ব্যবহার করেছে এবং কারাগারটিতে আগুন ধরাতে গ্যাস সিলিন্ডার ব্যবহার করেছে। গত রোববার সান্তা শহরের মেয়র আগুস্তিন ইন্ত্রিয়াগো গুলিতে নিহত হওয়ার পর লাসো সোমবার মানাবি ও লস রিওস প্রদেশে এবং দুরান শহরে জরুরি অবস্থা জারি করেন। সরকার জানিয়েছে, একুয়েডরের কারাগারগুলোতে নিয়ন্ত্রণ ফিরে না আসা পর্যন্ত এবং বন্দি ও কর্মকর্তাদের নিরাপত্তা নিশ্চিত না হওয়া পর্যন্ত সামরিক হস্তক্ষেপ অব্যাহত থাকবে। ২০২১ সাল থেকে একুয়েডরের কারাগারগুলোতে সহিংসতা বৃদ্ধি পেতে শুরু করে। তারপর থেকে একের পর এক সহিংসতায় এ পর্যন্ত কয়েকশ বন্দির মৃত্যু হয়েছে। এসব সহিংসতা নিয়ন্ত্রণের জন্য প্রেসিডেন্ট লাসো কারাগারগুলোতে নিয়মিত জরুরি অবস্থা জারি করে চলছেন।

# ফিলিপাইনে আঘাত হেনেছে টাইফুন ডোকসুরি

**আন্তর্জাতিক ডেস্ক :** টাইফুন ডোকসুরি ফিলিপাইনের দ্বীপপুঞ্জের উত্তরাঞ্চলে আঘাত হেনেছে। এতে একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। টাইফুনের প্রভাবে এলাকাটি বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। নিচু গ্রাম প্লাবিত এবং হাজার হাজার মানুষ গৃহহীন হয়ে পড়েছে। শক্তিশালী টাইফুনটি গত গতকাল বুধবার ফিলিপাইনে ঘন্টায় ১৭৫ কিলোমিটার (১০৮ মাইল প্রতি ঘন্টা) বেগে আছড়ে পড়ে। স্থানীয় সময় গত মঙ্গলবার দিবাগত মধ্যরাত ৩টা ১০ মিনিটে ফিলিপাইনের উত্তরে ফুগা দ্বীপে কিছুটা দুর্বল হয়ে আঘাত হানে সুপার টাইফুনে রূপ নেওয়া ডোকসুরি। এখন পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। এদিকে টাইফুনের প্রভাবে ফিলিপাইনের বৃহত্তম এবং সর্বাধিক জনবহুল দ্বীপ লুজোনের কিছু এলাকায় ভারী বৃষ্টিপাতের কারণে জনজীবন হুমকির মধ্যে পড়তে পারে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। এরইমধ্যে অনেক এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেছে। কোনো কোনো অঞ্চলে ব্যাপক বৃষ্টিপাত হয়েছে। ভেঙে পড়েছে গাছপালা। এতে পাহাড়ি এলাকায় বন্যা ও ভূমিধসের আশঙ্কা করা হচ্ছে। এছাড়া প্রায় ১০ ফুট উচ্চতার জলোচ্ছ্বাসের আশঙ্কাও করছে কর্তৃপক্ষ। ফিলিপাইনের জাতীয় দুর্যোগ সংস্থা জানিয়েছে, টাইফুনে রাজধানী ম্যানিলার পূর্বে ফিলিপাইনের রিজাল প্রদেশে একজনের মৃত্যু হয়েছে। উত্তর কাগায়ান প্রদেশে ঝুঁকিতে থাকা উপকূলীয় গ্রাম এবং স্কুল থেকে ১২ হাজারের বেশি মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। কাগায়ানের গভর্নর ম্যানুয়েল মাম্বা অ্যাসোসিয়েটেড প্রেস নিউজ এজেন্সিকে টেলিফোনে বলেছেন, 'আমাদের উত্তর উপকূলীয় শহরগুলো বিধ্বস্ত হয়ে গেছে। ঘরবাড়ির আমি টিনের ছাঁদ উড়ে গেছে এবং বন্যার জোয়ারভাটার কারণে পানি জমে বন্যার খবর শোনা গেছে।' টাইফুন শেষে ক্ষয়ক্ষতির মূল্যায়ন করা হবে। তবে মাম্বা বলেছেন, কাগায়ান উপত্যকার ভুট্টা এবং ধানের খামারগুলোর ব্যাপক ক্ষতি হতে পারে। ফিলিপাইনের আবহাওয়া ব্যুরো বলেছে, গতকাল বুধবার উত্তর-পশ্চিম কাগায়ান এবং দূরবর্তী বাবুয়ান দ্বীপপুঞ্জের পাশাপাশি উত্তরের পার্বত্য আপায়াও, ইলোকোস নর্তেতে এমন পরিস্থিতি অব্যাহত থাকবে বলে ধারণা করা হচ্ছে।' এদিকে কোস্টগার্ড জানিয়েছে, সমুদ্রযাত্রা বন্ধ করে দেওয়ার পর বিভিন্ন বন্দরে চার হাজারের বেশি যাত্রী আটকা পড়েছে। চীনের কেন্দ্রীয় আবহাওয়া প্রশাসন বলেছে, ডকসুরি উত্তর-পশ্চিমে ১০-১৫ কিমি/ঘন্টা (৬-৯ মাইল) বেগে অগ্রসর হবে। ঝড়টি গতকাল বুধবার রাত থেকে বৃহস্পতিবার সকালের মধ্যে পর্যন্ত দক্ষিণ চীন সাগরের উত্তর-পূর্ব অংশে প্রবেশ করবে বলে ধারণা করা হচ্ছে। টাইফুনটি আজ বৃহস্পতিবার দক্ষিণ তাইওয়ান অতিক্রম করবে এবং শুক্রবার সকালে মধ্য ফুজিয়ান ও পূর্ব গুয়াংডং প্রদেশের উপকূলে আছড়ে পরার পূর্বাভাস দেওয়া হয়েছে। সূত্র : আলজাজিরা

# আগস্টে থাইল্যান্ড ফিরছেন সাবেক প্রধানমন্ত্রী

**আন্তর্জাতিক ডেস্ক :** থাইল্যান্ডের ধনকুবের সাবেক প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রা আগামী ১০ আগস্ট দেশে ফিরবেন। স্বেচ্ছায় দীর্ঘ ১৫ বছর ধরে নির্বাসিত থাকার পর তিনি দেশে ফিরে আসছেন। গতকাল বুধবার তার মেয়ে পেতংটার্ন সিনাওয়াত্রা এ তথ্য জানিয়েছেন। খবর এএফপির। ৭৪ বছর বয়সী থাকসিন অপরাধমূলক একাধিক অভিযোগের মুখে থাকলেও তিনি অনেক দিন ধরে দেশে ফিরে আসার ব্যাপারে তার ইচ্ছার কথা বলে আসছেন। সাবেক এই প্রধানমন্ত্রী বারবার বলছেন, তার বিরুদ্ধে আনা এসব অভিযোগ 'রাজনৈতিভাবে উদ্দেশ্যপ্রণোদিত'। থাকসিন সিনাওয়াত্রা দুবার থাইল্যান্ডের প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন। তবে, ২০০৬ সালে সামরিক অভ্যুত্থানে তিনি ক্ষমতাচ্যুত হন। থাকসিন হচ্ছেন থাইল্যান্ডের সামরিকপন্থি ও রাজতন্ত্রবাদী প্রতিষ্ঠানের জন্য মাথাব্যথার কারণ। তার প্রত্যাবর্তনে দেশটিতে বিরাজমান উত্তেজনাপূর্ণ রাজনৈতিক পরিস্থিতি আরও উত্তপ্ত হতে পারে। গত মে মাসের নির্বাচনে জয়লাভের পর সামরিক প্রাধান্য পাওয়া সিনেট মুভ ফরওয়ার্ড দলের (এমএফপি) প্রধানকে প্রধানমন্ত্রী হতে বাধা দেওয়ায় দেশটিতে রাজনৈতিক অচলাবস্থার সৃষ্টি হয়েছে। থাকসিনের জন্মদিন গতকাল বুধবার তার মেয়ে পেতংটার্ন সিনাওয়াত্রা নিজের অফিসিয়াল ফেসবুক পেজে লেখেন, 'আমি যা লিখতে যাচ্ছি, তা আমি বিশ্বাস করতে পারছি না। আমার বাবা আগামী ১০ আগস্ট ডন মিউং বিমানবন্দরে ফিরে আসছেন।' পেতংটার্ন পিউ থাই দলের প্রধানমন্ত্রী হওয়ার দৌড়ে একজন প্রার্থী ছিলেন। গত নির্বাচনে দলটি দ্বিতীয় হয়। থাইল্যান্ডের সরকার গঠনে এমএফপি বাধাপ্রাপ্ত হওয়ায় এখন পিউ থাই দলটি সরকার গঠনের চেষ্টা করছে। পেতংটার্ন সিনাওয়াত্রা লেখেন, 'বাবা দেশে ফিরে আসছে এমনটা ভেবে আমার হৃদয় এবং পরিবারের সবাই অভিভূত, খুশি ও উদ্বিগ্ন। তবে, আমার বাবার সিদ্ধান্তকে সম্মান করি।'মে মাসের নির্বাচনের কয়েকদিন আগে থাকসিন সিনাওয়াত্রা সামাজিক যোগাযোগমাধ্যমে বলেছিলেন, তিনি তার জন্মদিনের আগে থাইল্যান্ডে ফিরবেন, কারণ তিনি ক্রমেই বৃদ্ধ হচ্ছেন। এমন অবস্থায় তিনি তার নাতি-নাতনিদের সঙ্গে সময় কাটাতে চান। ২০০৮ সালে দুর্নীতির অভিযোগে থাকসিন সিনাওয়াত্রার অনুপস্থিতিতেই তাকে দোষী সাব্যস্ত করা হয়। তারপর তিনি আরও অনেক মামলার মুখে পড়েন। তবে মে মাসে থাকসিন বলেন, তিনি আদালতের মুখোমুখি হতে প্রস্তুত রয়েছেন।



# নাইজেরিয়ায় বন্দুকধারীদের হামলায় নিহত অন্তত ৩৪

**আন্তর্জাতিক ডেস্ক :** পশ্চিম আফ্রিকার দেশ নাইজেরিয়ায় বন্দুকধারীদের হামলায় কমপক্ষে ৩৪ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে সাতজন সেনা সদস্য এবং বাকিরা সবাই গ্রামবাসী। দেশটির উত্তর-পশ্চিমাঞ্চলীয় জামফারা প্রদেশে এই হামলা ও হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। গতকাল বুধবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে বার্তাসংস্থা রয়টার্স। প্রতিবেদনে বলা হয়েছে, নাইজেরিয়ার জামফারা প্রদেশে সশস্ত্র গ্যাংয়ের চালানো হামলায় সাত সেনাসহ অন্তত ৩৪ জন নিহত হয়েছেন বলে দেশটির একটি নজরদারি গোষ্ঠীর প্রধান এবং স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন। স্থানীয় নজরদারি গোষ্ঠীর প্রধান ইসমাইল মাগাজি রয়টার্সকে জানিয়েছেন, গত সোমবার বিকেলে প্রদেশটির মারু স্থানীয় সরকার এলাকার প্রত্যন্ত দান গুলবি জেলায় এই হামলার ঘটনা ঘটে। লাওয়ালি জোনাই নামের একজন বাসিন্দা বলেছেন, 'এই হামলায় ২৭ জন গ্রামবাসী নিহত হয়েছেন এবং সাতজন সামরিক কর্মীও তাদের হামলায় প্রাণ হারান। মূলত বন্দুকধারীদের ভয়ঙ্কর এই হামলা থেকে গ্রামবাসীকে সাহায্য করার জন্য আসার পথে ওই সেনা সদস্যদের ওপর অতর্কিত হামলা চালানো হয়।'



# ইয়েমেনে পৃথক বিস্ফোরণে নিহত ১৫

**আন্তর্জাতিক ডেস্ক :** ইয়েমেনে বছরের পর বছর ধরে চলা যুদ্ধের অবিস্ফোরিত একটি ক্ষেপণাস্ত্র বিস্ফোরণে আটজন নিহত হয়েছে। এদের অধিকাংশ একই পরিবারের সদস্য। এ ছাড়া দেশটিতে পৃথক দুটি বোমা হামলায় সাত সৈন্য নিহত হয়েছে। গতকাল বুধবার ইয়েমেনের সরকারি কর্মকর্তারা এ তথ্য জানিয়েছে। খবর এএফপির। নাম প্রকাশ না করার শর্তে সরকারি এক নিরাপত্তা কর্মকর্তা এএফপিকে বলেন, যুদ্ধের সময় বাড়ির ভেতরে ফেলে যাওয়া একটি অবিস্ফোরিত ক্ষেপণাস্ত্র নিষ্ক্রিয় করার সময় সেটির বিস্ফোরণে আটজনের প্রাণহাণি ঘটে। এ বিস্ফোরণে স্বামী-স্ত্রী ও তাদের পাঁচ সন্তান নিহত হয়েছে। এ ঘটনায় ওই বাড়ির ভেতরে থাকা আরেক ব্যক্তি প্রাণ হারায়। অপর এক নিরাপত্তা কর্মকর্তা এ বিস্ফোরণের ঘটনায় আটজনের মৃত্যুর খবর নিশ্চিত করেছেন। ইয়েমেনের উত্তরাঞ্চলীয় মারিব এলাকায় মঙ্গলবার এ বিস্ফোরণ ঘটে। ইরানপন্থি হুতি বিদ্রোহীরা রাজধানী সানা দখল করে নেওয়ায় ২০১৪ সালে ইয়েমন সংঘাত শুরু হয়। সৌদি নেতৃত্বাধীন সামরিক জোট পরের বছর দেশটির আন্তর্জাতিকভাবে স্বীকৃতি পাওয়া সরকারের পক্ষে হস্তক্ষেপ করে। ইয়েমেনে যুদ্ধে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে লাখো মানুষ প্রাণ হারিয়েছে। খাদ্য ঘাটতির অভাবে সেখানে বিশ্বের সবচেয়ে ভয়াবহ মানবিক সংকট তৈরি হয়েছে বলে জানিয়েছে জাতিসংঘ।

# গ্রিসে বিমান বিধ্বস্ত, দুই পাইলট নিহত

**আন্তর্জাতিক ডেস্ক :** গ্রিসের এভিয়া দ্বীপে আগুন নেভানোর সময় বিমান বিধ্বস্ত হয়েছে। এ সময় বিমানটির ক্যাপ্টেন ও কো-পাইলট দুজনেই প্রাণ হারিয়েছেন। স্থানীয় সময় গত মঙ্গলবার দুপুর ২টা ৫২ মিনিটে অগ্নিনির্বাপণ অভিযানের সময় কানাডিয়ার সিএল-২১৫ বিমানটি বিধ্বস্ত হয়। এক বিবৃতিতে গ্রিসের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, বিমানবাহিনীর কর্মকর্তারা দুই জনের প্রাণহানির ঘটনায় সশস্ত্র বাহিনীতে তিন দিনের শোক ঘোষণা করেছে। দেশটির রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম ইআরটি প্রকাশিত এক ভিডিওতে দেখা গেছে, বিমানটির আগুনের ওপর দিয়ে উড়ে উড়ে পানি ফেলছে। একপর্যায়ে এটি একটি পাহাড়ের পাশে বিধ্বস্ত হয়। সঙ্গে সঙ্গে বিস্ফোরিত হয়ে আগুন জ্বলে ওঠে। গ্রিসের প্রতিরক্ষামন্ত্রী নিকোস ডেন্ডিয়াস বলেছেন, নাগরিকদের জীবন ও সম্পত্তি রক্ষার পাশাপাশি আমাদের দেশের পরিবেশ রক্ষার দায়িত্ব পালনের সময় পাইলটরা প্রাণ হারিয়েছেন।

# স্কুলে স্মার্টফোন নিষিদ্ধ করার আহ্বান জানিয়েছে জাতিসংঘ

**আন্তর্জাতিক ডেস্ক :** শ্রেণিকক্ষে মনোযোগ বিঘ্ন মোকাবেলা, শিক্ষার মান উন্নয়ন এবং সাইবার বুলিং থেকে শিশুদের রক্ষা করতে স্কুলগুলোতে স্মার্টফোন নিষিদ্ধ করার সুপারিশ করেছে জাতিসংঘ। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো বলেছে, অতিরিক্ত মোবাইল ফোন ব্যবহারের সঙ্গে শিক্ষাগত কর্মক্ষমতা কমে যাওয়ার প্রমাণ পাওয়া গেছে। উচ্চমাত্রার স্ক্রিন টাইম শিশুদের মানসিক স্থিতিশীলতার ওপর নেতিবাচক প্রভাব ফেলে। ইউনেস্কো আরও বলছে, কৃত্রিম বুদ্ধিমত্তাসহ সামগ্রিকভাবে ডিজিটাল প্রযুক্তি সর্বদা শিক্ষার ওমানব-কেন্দ্রিক দৃষ্টিভঙ্গির অধীন্ন হওয়া উচিত। শিক্ষকদের সঙ্গে মুখোমুখি যোগাযোগকে কখনই অন্য কিছু দিয়ে প্রতিস্থাপন করা উচিত নয়। অচিন্তনীয়ভাবে স্মার্টফোনের ওপর ঝুঁকে যাওয়ার বিরুদ্ধে সতর্ক করে দিয়ে ইউনেস্কো যুক্তি দিয়েছে, নতুন হলেই সবসময় সবকিছু ভালো ছিল না। সব পরিবর্তনই অগ্রগতি নয়। শুধু কিছু করা যেতে পারে, তার মানে এই নয় যে, এটি করা উচিত। নীতিনির্ধারকদের প্রতি অনলাইনে শিক্ষা গ্রহণের ক্ষেত্রে শিক্ষারওসামাজিক মাত্রা উপেক্ষা না করার আহ্বান জানানো হয়েছে। বিশেষ করে শিক্ষার্থীদের মুখোমুখি একসঙ্গে শিক্ষাগ্রহণ করার ওপর জোর দেওয়া হয়েছে। ইউনেস্কো বলছে, যারাওব্যক্তিকরণ্ণ বাওব্যক্তিকেন্দ্রিকক্ক বিষয় বাড়ানোর আহ্বান জানাচ্ছেন, তারা হয়তো শিক্ষা সম্পর্কে ধারণা হারিয়ে ফেলেছেন। ইউনেস্কোর মহাপরিচালক অড্রে আজোলে বলেন, ডিজিটাল বিপ্লবের অপরিমেয় সম্ভাবনা রয়েছে। কিন্তু সমাজে এটি কীভাবে নিয়ন্ত্রিত হওয়া উচিত সে সম্পর্কে সতর্কবাণী দেওয়া হয়েছে, সেগুলো মানতে হবে। তেমনি শিক্ষাক্ষেত্রেও এটির ব্যবহারবিধির দিকে মনোযোগ দিতে হবে। তিনি আরও বলেন, ডিজিটাল প্রযুক্তির ব্যবহার অবশ্যই শিক্ষার অভিজ্ঞতা বাড়ানোর জন্য এবং শিক্ষার্থী ও শিক্ষকদের কল্যাণের জন্য হওয়া উচিত। তাদের ক্ষতি করার জন্য নয়। শিক্ষার্থীর প্রয়োজনকে অগ্রাধিকার দিন এবং শিক্ষকদের সহায়তা করুন। এসব বিষয় সংশ্লিষ্ট ইউনেস্কোর প্রতিবেদনে বলা হয়েছে, শিক্ষায় ডিজিটাল প্রযুক্তি যাতে উপকারী হয় এবং ক্ষতি এড়ানো যায়, তা নিশ্চিত করার জন্য দেশগুলোর সুস্পষ্ট লক্ষ্য ও নীতি নিশ্চিত করা দরকার।



# উত্তর কোরিয়ায় রুশ প্রতিরক্ষামন্ত্রী ও চীনা কর্মকর্তারা

**আন্তর্জাতিক ডেস্ক :** ১৯৫৩ সালে কোরীয় যুদ্ধের অবসান ঘটানো যুদ্ধবিরতির ৭০তম বার্ষিকীতে যোগ দিতে রুশ প্রতিরক্ষামন্ত্রী সের্গেই শোইগুর নেতৃত্বে একটি প্রতিনিধিদল উত্তর কোরিয়ায় পৌঁছেছে। চীনও সরকারি প্রতিনিধি দল পাঠিয়েছে দেশটিতে। কোরিয়ান সেন্ট্রাল নিউজ এজেন্সি (কেসিএনএ) জানিয়েছে, স্থানীয় সময় গত মঙ্গলবার সন্ধ্যায় রুশ প্রতিনিধিদল পিয়ংইয়ং পৌঁছেছে। পলিটব্যুরো সদস্য লি হংজংয়ের নেতৃত্বাধীন চীনা কমিউনিস্ট পার্টির একটি প্রতিনিধিদলও যোগ দিয়েছেন। জানা গেছে, আজ বৃহস্পতিবার পিয়ংইয়ংয়ে ওবিজয় দিবস্থর ৭০তম বার্ষিকী উদযাপনে অংশ নেবেন এই দুই পরাশক্তি দেশের প্রতিনিধিদল। দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, ওইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে্ব এমন একটি অনুষ্ঠানের আয়োজন করা হবে। স্যাটেলাইট চিত্রেও দেখা গেছে, বড় আকারের সামরিক কুচকাওয়াজের প্রস্তুতি নিচ্ছে উত্তর কোরিয়া।

## বিনোদন

# ফারিয়া-পরীমনির দুই সিনেমা ওটিটিতে

**বিনোদন ডেস্ক :** ঢালিউডের জনপ্রিয় দুই অভিনেত্রী নুসরাত ফারিয়া ও পরীমনি। ওটিটিতে দুটি নতুন সিনেমা নিয়ে হাজির হচ্ছেন তারা। নুসরাত ফারিয়াকে দেখা যাবে 'পাতালঘর' সিনেমায় এবং পরীমনিকে দেখা যাবে 'পাফ ড্যাডি' সিনেমাতে। যদিও দুটি সিনেমার কাজ শেষ হয়েছে তিন বছর আগে। সিনেমা দুটি প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার কথা থাকলেও, জানা গেছে ওটিটি প্ল্যাটফর্মেই মুক্তি দেয়ার প্রস্তুতি চলছে। একাধিক আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সুনাম কুড়ানো তারকাবহুল সিনেমা 'পাতালঘর'। মা ও মেয়ের মনস্তাত্ত্বিক টানাপোড়েনের গল্পে নির্মিত হয়েছে সিনেমাটি। নির্মাণ করেছেন নূর ইমরান মিঠু। এটি তার দ্বিতীয় সিনেমা। এতে অভিনয় করেছেন নুসরাত ফারিয়া ও আফসানা মিমি। মা ও মেয়ের চরিত্রে অভিনয় করেছেন এ জনপ্রিয় দুই অভিনেত্রী। আন্তর্জাতিক উৎসবে প্রশংসিত এই সিনেমাটি দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পাবে এই ধারণাই ছিল সকলের। তবে সম্প্রতি ছবির পোস্টার প্রকাশের মাধ্যমে জানানো হলো, বদলে গেল সিনেমাটি মুক্তির ধরন। প্রেক্ষাগৃহে নয়, ওটিটি প্ল্যাটফর্ম চরকি-তে আসছে নুসরাত ফারিয়ার 'পাতালঘর'। আগামী ২৭ জুন থেকে দেশি এই প্ল্যাটফর্মে দেখা যাবে ছবিটি। এ উপলক্ষে প্রকাশ করা হয়েছে ছবির ট্রেলার। যেখানে দেখা গেল, এক সাধারণ পরিবারের মেয়ে থেকে নায়িকা হয়ে ওঠেন নুসরাত ফারিয়া। এরপর তার জীবনে দেখা দেয় নানা জটিলতা। ছবিটিতে নুসরাত ফারিয়ার সঙ্গে আরও আছেন আফসানা মিমি, মামুনুর রশীদ, সালাহউদ্দিন লাভলু, গিয়াস উদ্দিন সেলিম, ফজলুর রহমান বাবু, নাজিয়া, দীপান্বিতা মার্টিন, রওনক হাসান, নাসির উদ্দিন খান, মৌটুসি বিশ্বাস, এরফান মৃধা শিবলু প্রমুখ। অন্যদিকে তিন বছর আগে 'পাফ ড্যাডি' সিনেমার শুটিং শেষ করেছিলেন পরীমনি। বাকি ছিল ডাবিংয়ের কাজ। সম্প্রতি শেষ করেছেন ডাবিং। কয়েক দিন আগে সেই আপডেট সামাজিক যোগাযোগমাধ্যমে জানিয়েছেন পরী। মা হওয়ার পর এ ওয়েব ফিল্মের ডাবিং দিয়েই কাজে ফিরেছেন তিনি। ২০২০ সালে যখন পাফ ড্যাডির কাজ শুরু হয়েছিল তখন বলা হয়েছিল, এটি ৭ পর্বের ওয়েব সিরিজ। পরে সিনেমা হিসেবেই মুক্তি দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। বদল হয়েছে নির্মাতার নামও। 'পাফ ড্যাডি' শুরু করেছিলেন নির্মাতা মাসুদ হাসান উজ্জ্বল। কিছু অংশ শুটিং করার পর তিনি সরে দাঁড়ালে কাজটি যৌথভাবে শেষ করেন সহিদ উন নবী ও মুশফিকুর রহমান মঞ্জু।



# পাঞ্জাবি গায়ক সুরিন্দর শিন্দার মৃত্যু

**বিনোদন ডেস্ক :** জনপ্রিয় পাঞ্জাবি গায়ক সুরিন্দর শিন্দা ৬৪ বছর বয়সে মারা গেছেন। গতকাল বুধবার সকাল সাড়ে ৭টার দিকে লুধিয়ানার ডিএমসি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন এই গায়ক। তাঁর ছেলের বরাত দিয়ে সংবাদটি জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়া টুডে। সুরিন্দরের ছেলে বলেছেন, 'অসুস্থায় বাবাকে মডেল টাউন হাসপাতালে ভর্তি করা হয়েছিল। পরে তাঁকে স্থানান্তর করা হয় ডিএমসিতে। সেখানে ২০ দিন চিকিৎসাধীন থাকার পর তাঁকে রাখা হয় ভেন্টিলেশনে। কিন্তু শেষ রক্ষা আর হলো না, গতকাল বুধবার তিনি মারা যান।' বেশ কিছুদিন ধরেই তাঁর মৃত্যু নিয়ে চারদিকে নানা খবরও রটেছিল। ভক্তরা ভীষণভাবে উদ্বিগ্ন ছিলেন তাঁর শারীরিক অবস্থার খবর জানতে। সে সময়ে তাঁর ছেলে মনিন্দর শিন্দা মিডিয়ার সামনে এসে সবাইকে আশ্বস্ত করেন যে, তার বাবা ঠিক আছেন। কোনো রকম গুজবে কান দেওয়ার প্রয়োজন নেই। বাবার প্রতিটা শারীরিক আপডেট তিনি সময়মতো সবাইকে দেবেন। তাঁর মৃত্যুতে শোক জানিয়েছেন পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। টুইটারে একটি পোস্ট শেয়ার করে তিনি লিখেছেন, 'প্রখ্যাত গায়ক সুরিন্দর সিন্দাজির মৃত্যুর খবর শুনে খুবই দুঃখ পেয়েছি।



# মিয়া খলিফার মতো খারাপ অভিজ্ঞতা নেই সানি লিওনের

**বিনোদন ডেস্ক :** সানি লিওন ও মিয়া খলিফা, দুজনই প্রাক্তন নীল সিনেমার জগতের তারকা। একজন বর্তমানে বলিউড অভিনেত্রী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করলেও অন্যজন সম্পূর্ন আড়াল করে ফেলেছেন নিজেকে পর্দার জগত থেকে। সানি লিওন বলিউডে ব্যস্ত থাকলেও একসময় নীল সিনেমার দুনিয়া থেকে কোটি কোটি টাকা আয় করেছেন। অন্যদিকে তার চেয়ে কম জনপ্রিয় ছিলেন না মিয়া। পর্ন ইন্ডাস্ট্রিতে রাজ করেছেন তিনিও। সম্প্রতি এক সাক্ষাৎকারে মিয়া খলিফাকে নিয়ে কথা বলেছেন সানি লিওন। যেখানে তিনি জানিয়েছেন, নীল ছবিতে কাজ করলেও মিয়ার মতো খারাপ অভিজ্ঞতা নেই তার। টাইমস অব ইন্ডিয়ার এক প্রতিবেদন অনুযায়ী, ২০১৫ সালে মিয়া খালিফা পর্ন ইন্ডাস্ট্রি ছাড়ার আগে তিন মাসের এক প্রজেক্টের জন্য ৮.৭৫ কোটি আয় করলেও, এরপরে প্রযোজকরা তার সকল ভিডিও থেকে কয়েক লক্ষ টাকা আয় করেছেন। মিয়া খলিফার মতো সানিরও খারাপ অভিজ্ঞতা আছে কি না, তেমন প্রশ্নের জবাবে এই অভিনেত্রী জানান, তার এমন কোনো খারাপ অভিজ্ঞতা নেই। সানির ভাষ্য, সবার অভিজ্ঞতাই আলাদা হয়। কোনো চুক্তির আগে আমি খুব ভালো করে সেটি পড়ে নিতাম। কোনো কিছু পরিবর্তন বা সংশোধন প্রয়োজন মনে করলে সেটাও করে নিতাম। এই অভিনেত্রীর কথায়, সানির ক্যারিয়ার তার হাতেই ছিল। তিনিই সবকিছু নিয়ন্ত্রণ করতে পারতেন। মিয়া খলিফার প্রসঙ্গে সানি বলেন, 'মিয়া যদি সঠিকভাবে ওর চুক্তিপত্র পড়ে নিতেন, তাহলে এভাবে তাকে কেউই ঠকাতে পারতো না।



# জাহিদের কাছে ক্ষমা চাইলেন মাহফুজ

**বিনোদন ডেস্ক :** ঢালিউডের দুই শক্তিধর অভিনেতা জাহিদ হাসান ও মাহফুজ আহমেদ। এই দুই অভিনেতা ব্যক্তিগত জীবনেও ভালো বন্ধু। সম্প্রতি একটি অনুষ্ঠানের সাক্ষাৎকারে জাহিদ হাসানের সঙ্গে বন্ধুত্ব নিয়ে নানা স্মৃতিচারণ করেন মাহফুজ আহমেদ। এই সাক্ষাৎকারে কথার পরিপ্রেক্ষিতে আপত্তিকর মন্তব্য করে বন্ধু সম্পর্কে মাহফুজ। সেই মন্তব্যের জন্য অবশেষে ক্ষমাও চাইলেন এই অভিনেতা। সে অনুষ্ঠানে মাহফুজ আহমেদের অভিযোগ করে বলছিলেন, প্রয়াত কথাসাহিত্যিক-নির্মাতা হুমায়ূন আহমেদের একটি সিনেমায় তার চরিত্র জাহিদ হাসান নিয়ে নেন। এই অভিনেতার ভাষ্য, জাহিদ হাসান যে রোলটা করেছেন এই রোলটা নিয়ে আমার সঙ্গে সব কিছু ফাইনাল ছিল। আমি অস্ট্রেলিয়া গিয়েছিলাম স্ত্রীর কাছে। এসে শুনি আমি রোলটা করছি না। তিনি আরও বলেন, ফেরদৌস যে রোলটা করেছে ওটা আমি করব। আমি বলেছি, আমি করব না। পরে জানলাম জাহিদ হাসান খাসি জবাই করে খাইয়ে বলছে যে, এটা তার স্বপ্নের চরিত্র।

# মুক্তি পেছাচ্ছে প্রভাসের 'কল্কি ২৮৯৮ এডি'র

**বিনোদন ডেস্ক :** গত ২০ জুলাই প্রকাশ্যে এসেছে প্রথম ঝলক। নাগ অশ্বিন পরিচালিত ছবি 'কল্কি ২৮৯৮ এডি'। এতদিন যার নাম ছিল 'প্রজেক্ট কে'। এই ছবিতে মুখ্য চরিত্রে রয়েছেন দক্ষিণী তারকা প্রভাস, বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন ও অভিনেতা অমিতাভ বচ্চন।

ছবিতে খলচরিত্রে দেখা যাবে দক্ষিণী তারকা কমল হাসনকে। ২০ জুলাই আমেরিকার সান দিয়েগোয় কমিক কন অনুষ্ঠানে উদ্বোধন হয়েছে 'কল্কি ২৮৯৮ এডি' ছবির প্রথম ঝলক। 'কল্কি ২৮৯৮ এডি'ই প্রথম ভারতীয় ছবি যার প্রথম ঝলক মুক্তি পেয়েছে কমিক কনের মঞ্চে। আগামী বছর জানুয়ারি মাসে মুক্তি পাওয়ার কথা এই ছবির। তবে এখন খবর, পিছিয়ে যেতে পারে মুক্তির সেই তারিখ। এর আগে একাধিক বার হোঁচট খেয়েছে 'কল্কি ২৮৯৮ এডি' ছবি। শুটিং চলাকালীন সেটেই আহত হন অমিতাভ। পাঁজরে চোট লাগায় সুস্থ হতে দীর্ঘ দিন সময় লেগেছে বিগ বি-র। ফলে স্থগিত রাখতে হয়েছে ছবির শুটিং। তখনই শোনা গিয়েছিল, নির্ধারিত সময়ে মুক্তি সম্ভব নয় ছবির। যদিও চলতি বছরেই একটি পোস্টার সামাজিক মাধ্যমে পোস্ট করে দীপিকা জানান, আগামী বছরের ১২ জানুয়ারি মুক্তি পাবে ছবি। এবার খবর, নির্ধারিত সেই তারিখের বদলে আগামী বছর মে মাসে মুক্তি পাবে 'কল্কি ২৮৯৮ এডি'। শোনা যাচ্ছে, ২০২৪ সালে ৯ মে মুক্তি পেতে পারে 'কল্কি ২৮৯৮ এডি'। প্রযোজক অশ্বিনী দত্তের জন্য নাকি এই দিন খুব শুভ। এই তারিখে ছবি মুক্তি পেলে ব্যবসায়িক দিক থেকে লাভবান হওয়ার সম্ভাবনা বেশি রয়েছে বলে আশা তার। এর আগেও তার প্রযোজিত একাধিক ছবি মুক্তি পেয়েছে ৯ মে। সেই সব ক'টি ছবিই রমরমিয়ে ব্যবসা করেছে বক্স অফিসে। এদিকে প্রভাসের আগের ছবি 'আদিপুরুষ'-এর ভরাডুবি হয়েছে বক্স অফিসে। তার আগের ছবি 'রাধে শ্যাম'ও ফ্লপ। 'কল্কি ২৮৯৮ এডি' ছবির ক্ষেত্রে তাই কোনো ঝুঁকি নিতে চাইছেন না নির্মাতারা। যদিও এ নিয়ে এখনও পর্যন্ত কোনো আনুষ্ঠানিক ঘোষণা করেননি ছবির নির্মাতারা।

সূত্র : আনন্দবাজার

